ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার


নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



মাতৃত্ব নিয়ে যা বললেন ইয়ামি গৌতম

পৃঃ ৫



১৯ বছর পর বক্সিং রিংয়ে কিংবদন্তী টাইসন, প্রতিপক্ষ ২৭ বছরের পল,

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩১৩ ● কলকাতা ● ০৫ অগ্রহায়ণ, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ২১ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## শিক্ষা নিয়োগ দুর্নীতি মামলায় ১০ লক্ষ টাকার বন্ডে

# জামিন পেলেন কুন্তল ঘোষ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২৩ সালের ২১ জানুয়ারি শিক্ষা নিয়োগ দুর্নীতি মামলায় কুন্তল ঘোষকে গ্রেফতার করেছিল ইডি। তাঁর ২টি ফ্ল্যাটে দিনভর তল্লাশির পর গ্রেফতার হয়েছিল কুন্তল। তাঁর ফ্ল্যাট থেকে দুর্নীতি সংক্রান্ত প্রচুর নথি উদ্ধার করেছিল ইডি।শিক্ষা দুর্নীতি মামলায় ১০ লক্ষ টাকার বন্ডে জামিন পেলেন কুন্তল ঘোষ শিক্ষা দুর্নীতি মামলায় ১০ লক্ষ টাকার বন্ডে জামিন পেলেন কুন্তল ঘোষ

শিক্ষা নিয়োগ দুর্নীতি কাণ্ডে ইডির করা মামলায় কলকাতা হাইকোর্টে জামিন পেলেন বহিষ্কৃত যুব তৃণমূল নেতা কুন্তল

**বেবি চক্রবর্ত্তী:কলকাতা**

ঘোষ। বুধবার তাঁর জামিন মঞ্জুর করেন বিচারপতি শুভ্রা ঘোষ রায় তাঁর জামিন মঞ্জুর করেন। জামিনের জন্য একাধিক শর্ত মানতে হবে কুন্তলকে। তবে সিবিআইয়ের দায়ের করা মামলায় জামিন না পাওয়ায় এখনই জেল থেকে ছাড়া পাচ্ছেন না কুন্তল। অভিযোগ ছিল চাকরিপ্রার্থীদের কাছ থেকে টাকা তুলে পার্থ চট্টোপাধ্যায়ের কাছে পৌঁছে দিতেন কুন্তল। এভাবেই দিনে দিনে ফুলে ফেঁপে উঠেছিলেন তিনি। কুন্তল মোট ১৯ কোটি টাকা তুলেছিলেন বলে দাবি করেন তদন্তকারীরা। কুন্তলের নাম প্রথম শোনা গিয়েছিল শিক্ষা ব্যবসায়ী তাপস মণ্ডলের মুখে। তাঁর প্রতিষ্ঠানের পড়ুয়াদের কাছ থেকে টাকা তুলে তিনি কুন্তলকেই দিয়েছিলেন বলে দাবি করেন তাপসবাবু।বুধবার সেই হুগলির যুব তৃণমূল নেতা কুন্তল ঘোষকে জামিন দিয়ে আদালত জানিয়েছে, কুন্তলকে পাসপোর্ট জমা রাখতে হবে। নিম্ন আদালতে হাজিরা দিতে হবে। মোবাইল ফোনের নম্বর বদল করা চলবে না। তবে ইডির মামলায় জামিন পেলেও এখনও সিবিআইয়ের দায়ের করা মামলায় জামিন পাননি কুন্তল। ফলে আপাতত জেলেই থাকতে হবে তাঁকে।

## বেলডাঙায় যাওয়ার পথে বাধা পুলিশের, 'গ্রেফতার' সুকান্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বেলডাঙা যাওয়ার পথে সুকান্তকে বাধা পুলিশের। রাস্তাতেই বসে পড়লেন বঙ্গ বিজেপির রাজ্য সভাপতি। সুকান্ত ওই এলাকায় গেলে নতুন করে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হতে পারে। সূত্রের খবর, এই যুক্তি দেখিয়েই এদিন দুপুরে সুকান্তর পথ আটকায় পুলিশ। প্রসঙ্গত, গোষ্ঠী সংঘর্ষের ঘটনায় বিগত কয়েকদিন ধরেই তপ্ত হয়ে রয়েছে মুর্শিদাবাদের বেলডাঙা। পুলিশের তরফে বলা হচ্ছে বেলডাঙায় জারি রয়েছে ১৪৪ ধারা। সে কারণেই তিনি সেখানে যেতে পারবেন না। কিন্তু, যে জায়গায় তাঁকে আটকানো হয়েছে সেখান থেকে বেলডাঙার দূরত্ব ৫০ কিলোমিটারেরও বেশি। তাই এখানে কেন তাঁকে আটকানো হল সেই প্রশ্ন তুলে ক্ষোভে ফেটে পড়েন বিজেপি নেতারা। উত্তেজনার আবহেই কিছু সময়ের মধ্যেই সুকান্তকে আটক করতে দেখা যায়

এরপর ৩ পাতায়

## রদবদল নিয়ে অভিষেকের অফিসে বৈঠকে বক্সী,


# পরে নবান্নে গিয়ে রিপোর্ট মমতাকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কদিন আগে রাজ্য সভাপতি সুব্রত বক্সীকে ডেকে মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, 'আপনি রদবদলের ব্যাপারে একবার অভিষেকের সঙ্গে বসুন'। সূত্রের মতে, ২৩ নভেম্বর উপ নির্বাচনের ফলাফল ঘোষণার পর জেলা স্তরে এই রদবদলের তালিকা ঘোষণা করা হতে পারে। জেলা কমিটিতে বদলের পরই পুরসভায় রদবদলের ব্যাপারে হাত দেওয়া হবে।হলও তাই। দিদির নির্দেশে মঙ্গলবার দুপুরে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ক্যামাক স্ট্রিটের অফিসে গিয়ে জেলা ধরে ধরে বদলের ব্যাপারে আলোচনা করলেন সুব্রত বক্সী। পরে বিকেলে নবান্নে গিয়ে সে ব্যাপারে রিপোর্টও দিলেন নেত্রীকে।

প্রশ্ন হল, সুব্রত বক্সীর ভূমিকা এখানে কী? রদবদলেই বা কী হতে পারে? এ নিয়ে সন্দেহ নেই যে, তৃণমূলে ক্ষমতার বিন্যাস যেরকম তাতে মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায় আলোচনায় বসেই রদবদলের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে ফেলতে পারেন। কিন্তু কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রের মতে, দিদি সেটা দেখাতে চান না। বরং মমতা বন্দ্যোপাধ্যায় দেখাতে চান, দল আলোচনা করে সিদ্ধান্ত নিয়েছে। বক্সীর ভূমিকা

এরপর ৩ পাতায়






## গোসাবাতে তৃণমূলের গোষ্ঠীদ্বন্দ্বের জেরে

# বিধায়কের সভার মঞ্চ ভেঙে দেওয়ার অভিযোগ অপর তৃণমূলের গোষ্ঠীর বিরুদ্ধে



**সুশোভন মিস্ত্রী, গোসাবা**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গোসাবাতে দীর্ঘদিন ধরে তৃণমূলের গোষ্ঠী দ্বন্দ্বের জের তৃণমূলের দুই গোষ্ঠী বিধায়ক সুব্রত মন্ডলের অনুগামী ও জেলা পরিষদ উপাধ্যক্ষ অনিমেষ মন্ডলের অনুগামী। দুই গোষ্ঠীর দ্বন্দ দীর্ঘদিন ধরে। বুধবার গোসাবার বিপ্রদাস পুরে বিধায়ক সুব্রত মন্ডলের সভা করার কথা ছিল সেই মতো মঙ্গলবার প্যান্ডেল বানানো শুরু হয় কিন্তু মঙ্গলবার রাতে সেই প্যান্ডেল ভেঙে দেওয়ার অভিযোগ ওঠে তৃণমূলের অপর গোষ্ঠীর বিরুদ্ধে। বুধবার সন্ধ্যায় এই ঘটনায় গোসাবা থানাতে লিখিত অভিযোগ দায়ের করেন বিধায়ক সুব্রত মন্ডলের অনুগামীরা । এই ঘটনাকে অস্বীকার করে অপর তৃণমূলের গোষ্ঠী। সভা মঞ্চ ভেঙে দেওয়ার ফলে বাতিল হয়ে যায় বিধায়ক সুব্রত মন্ডলের সভা। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। এর আগেও গোসাবাতে তৃণমূলের গোষ্ঠী দ্বন্দ প্রকাশ্যে এসেছে। তবে এই ঘটনায় আরও একবার গোষ্ঠী দ্বন্দ প্রকাশ্যে এসেছে।

## না জানিয়েই বেসরকারি হাসপাতালে বালু,

# ঠিক কী হয়েছে জানতে চাইল ইডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কেমন আছেন রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক? তা জানতে বাইপাসের ধারের একটি বেসরকারি হাসপাতালে চিঠি পাঠাল ইডি। প্রেসিডেন্সি জেল থেকে তাঁকে ওই বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে কেন্দ্রীয় এজেন্সির দাবি, এই ভর্তি প্রসঙ্গে ইডি-কে কোনও কিছুই জানায়নি জেল কর্তৃপক্ষ। উল্লেখ্য, রেশন দুর্নীতি মামলায় গ্রেফতার হয়েছেন জ্যোতিপ্রিয় মল্লিক। শারীরিক অসুস্থতার কারণ দেখিয়ে জামিন চেয়ে একাধিকবার আদালতের দ্বারস্থ হয়েছেন। তবে বালুর আবেদনে আপত্তি জানিয়ে আদালতে রিপোর্ট পেশ করেছে ইডি। আগামী ২০ নভেম্বর অর্থাৎ আজ ওই মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে। বস্তুত, গ্রেফতারির পর থেকে বারবার অসুস্থ হয়ে পড়েছেন বালু। তাঁর মাথা ঘোরার কারণ জানতে হেড আপ টিলট টেবল টেস্ট' পরীক্ষার পরামর্শ ও দিয়েছিলেন চিকিৎসকরা। এসএসকেএমে গঠিত হয়েছিল মেডিক্যাল বোর্ড। এই মামলায় অনেকে ইতিমধ্যে ছাড়া পেয়ে গেলেও প্রাক্তন মন্ত্রী এখনও অব্যাহতি পাননি।

ইডি সূত্রে খবর, তবে শুধু আদালত নয়, জ্যোতির স্বাস্থ্যের আপডেট জানতে চেয়ে হাসপাতালে চিঠি পাঠিয়েছে কেন্দ্রীয় এজেন্সি। সেই চিঠিতে তারা জানতে চেয়েছে, জ্যোতিপ্রিয় মল্লিকের ঠিক কী হয়েছে, কোন কেবিনে রয়েছেন, এখন তাঁর স্বাস্থ্যের অবস্থা কেমন? সবটাই জানতে চাওয়া হয়েছে।

## ধারাবাহিক উন্নয়ন এবং শক্তির রূপান্তর সম্পর্কিত জি-২০ অধিবেশনে ভাষণ দিলেন প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২০ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জি-২০ শিখর সম্মেলনের ধারাবাহিক উন্নয়ন ও শক্তির রূপান্তর সম্পর্কিত অধিবেশনে ভাষণ দিলেন। তিনি বলেছেন, নতুন দিল্লিতে জি-২০ শিখর সম্মেলনের সময় ২০৩০ সাল নাগাদ পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদনের ক্ষমতা তিনগুণ এবং শক্তি ব্যবহারে দক্ষতার মাত্রা দ্বিগুণ করার অঙ্গীকার নেওয়া হয়েছে। এই লক্ষ্যে

এরপর ৩ পাতায়

## তৃণমূল ছাত্র পরিষদে

# বড় রদবদল আসতে চলেছে জল্পনা তুঙ্গে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দলে বড় সাংগঠনিক রদবদল হচ্ছে। আনুগত্য আর নয়, পারফরম্যান্সই শেষ কথা'। সম্প্রতি একথা শোনা গিয়েছিল তৃণমূল সেকেন্ড ইন কমান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। রাজ্যের যে সকল পুরসভা এলাকায় তৃণমূল কংগ্রেসের ফলাফল খারাপ হয়েছে, সেখানে বদল আনা হবে এখন জল্পনা তুঙ্গে।তবে এরই মধ্যে আরেক জায়গায় বড়সড় রদবদলের জল্পনা বেশ জোড়ালো হয়ে উঠেছে এই মুহূর্তে। তা হল ছাত্র পরিষদের ক্ষেত্রে। দিন কয়েক থেকে 'তৃণাঙ্কুর' অর্থাৎ এঞ্চগঈচ সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য এই নামটা উঠে এসেছে শিরোনামে। নেপথ্যে একাধিক কারণ। তাহলে কি এবার বড় বদল আসতে চলেছে ছাত্র পরিষদের ক্ষেত্রে? একেবারেই ফেলে দেওয়ার মতো প্রশ্ন কিন্তু নয়।তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি তৃণাঙ্কুরকে নিয়ে বর্তমানে চর্চার শেষ নেই। সম্প্রতি "কার আশীর্বাদ এর মাথায় আছে যে এখনও তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি থাকে", ঠিক এই বাক্যেই তৃণাঙ্কুরকে বিঁধেছেন শ্রীরামপুরের তৃণমূল সাংসদ

**বেবি চক্রবর্ত্তী :কলকাতা**

কল্যাণ বন্দ্যোপাধ্যায়। আরজি করের সাসপেন্ডেড চিকিৎসক পড়ুয়াদের পাশে দাঁড়াননি এই অভিযোগ তুলে তাকে তোপ দাগেন বর্ষীয়ান রাজনীতিক। তৃণমূলের অন্দর থেকেই যখন প্রশ্নটা উঠেছে সেক্ষেত্রে রদবদলের সম্ভাবনাটা এড়িয়ে যাওয়া যায় কি?

যদিও পাল্টা উত্তরে তৃণাঙ্কুর বলেন, 'সর্বোচ্চ নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়রা আছেন। আমি যদি কিছু করি, সেটা আমি বলতে চাই না। দলের নেতৃত্ব যেভাবে আমাকে বলবে, আমি সেভাবেই চলব। যে দায়িত্ব দেবে সেটা পালন করব।" তবে যে যাই বলুক না কেন, তৃণমূলে গোষ্ঠীদ্বন্দ্বের মতো ছাত্র পরিষদেও তিন ভাগ দেখছে রাজনৈতিক মহল। একদিকে তৃণাঙ্কুর, একদিকে সুদীপ রাহা অন্যদিকে কোহিনুর মজুমদার।রাজনৈতিক মহলের মতে যদি সত্যিই বদল আসে তাহলে তৃণমূলের ছাত্র পরিষদের সভাপতি হওয়ার দৌড়ে এগিয়ে রয়েছে তৃণমূল ছাত্র পরিষদের সহ-সভাপতি তথা দলের মুখপাত্র সুদীপ রাহা। তার ক্ষেত্রে একদিকে যেমন রয়েছে স্বচ্ছ ভাবমূর্তি তেমন রয়েছে সংগঠনে 'শক্ত' হাত। তৃণমূলের অন্দরেই শোনা যায়, তরুণ মুখ সুদীপ রাহা খোদ তৃণমূল যুবরাজ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের অনেক বেশি কাছের মানুষ। এদিকে দ্বিতীয়ত যে নাম চর্চায় রয়েছে তা হল তৃণমূলের ছাত্র পরিষদের সহ-সভাপতি তথা আরেক মুখপাত্র কোহিনুর মজুমদার। তৃণাঙ্কুরের মতো তৃণমূলের যুবদের মধ্যে এই দুই তরুণ নেতারও জনপ্রিয়তা কম নয়।

অন্যদিকে বিগত কিছু সময় থেকে দেখা গিয়েছে একাধিক ইস্যুর কারণে কিছুটা 'ব্যাকফুটে' তৃণাঙ্কুর। সে আর জি কর নিয়ে হোক, কিংবা ছাত্র পরিষদের নেত্রী রাজন্যা হালদারদের ছবি নিয়ে। আর জি কর 'আন্দোলনের' সময় ছাত্র সংগঠনের 'খামতি-নিষ্ক্রিয়তার' বিষয়টি স্বীকার করে নিয়েছেন দলের নেতা কুণাল ঘোষও। তাহলে কি এসবের জেরে এবার পদ যেতে চলেছে 'হেভিওয়েট' ছাত্রনেতা তৃণাঙ্কুরের? তার বদলে সভাপতি পদে পরবর্তী মুখ হিসেবে উঠে আসছে সুদীপ রাহা? জোড়ালো সম্ভাবনা কিন্তু তেমনটাই।

## প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়-সহ পাঁচ জনকে জামিন দিতে

# রাজি হননি কলকাতা হাই কোর্টের বিচারপতি অপূর্ব সিংহ রায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়-সহ পাঁচ জনকে জামিন দিতে রাজি হননি কলকাতা হাই কোর্টের বিচারপতি অপূর্ব সিংহ রায়। ডিভিশন বেঞ্চের অপর বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এই মামলায় সকলের জামিন মঞ্জুর করেছিলেন। কিন্তু বিচারপতি সিংহ রায় তাঁর সঙ্গে একমত হতে না পারায় নতুন করে জটিলতা তৈরি হয়েছে।অপর দিকে, বিচারপতি বন্দ্যোপাধ্যায়ের পর্যবেক্ষণ, অনির্দিষ্ট কালের জন্য কোনও ব্যক্তিকে আটকে রাখা তাঁকে দোষী সাব্যস্ত করার অনুরূপ। তাঁর বিরুদ্ধে অভিযোগ যত গুরুতরই হোক না কেন, আদালতের সামনে বিচারপ্রক্রিয়ায় তা প্রমাণ করতে হবে। প্রমাণ না হওয়া অভিযোগের ভিত্তিতে অভিযুক্তকে এত দীর্ঘ সময় কারাগারে বন্দি করে রাখা যায় না। দ্রুত বিচার যে কোনও ব্যক্তির মৌলিক অধিকার। এই যুক্তিতে পার্থদের জামিন মঞ্জুর করেছেন বিচারপতি বন্দ্যোপাধ্যায়। তবে সেই সঙ্গে তিনি এ-ও জানিয়েছেন, তাঁর এই নির্দেশে সিবিআইয়ের তদন্ত কোনও ভাবে প্রভাবিত হবে না। সিবিআই তদন্ত চালিয়ে যাবে। অভিযুক্তদের বিরুদ্ধে নতুন করে কোনও তথ্য বা অভিযোগ পাওয়া গেলে সেই সংক্রান্ত জিজ্ঞাসাবাদ এবং প্রয়োজনীয় পদক্ষেপ করতে পারবে কেন্দ্রীয় সংস্থা। অভিযুক্তদেরও সহযোগিতা করতে হবে তদন্তে।পার্থদের জামিনের আবেদনের মামলাটি এ বার হাই কোর্টের প্রধান বিচারপতির বেঞ্চে যাবে। সেখান থেকে ফয়সালার জন্য তৃতীয় বেঞ্চে মামলাটি পাঠাবেন প্রধান বিচারপতি। কী কারণে পার্থদের জামিন মঞ্জুর করতে রাজি হলেন না বিচারপতি সিংহ রায়? কেনই বা জামিন মঞ্জুর করলেন বিচারপতি বন্দ্যোপাধ্যায়? উঠে এসেছে পর্যবেক্ষণে। পার্থ-সহ মোট ন'জনের জামিনের আবেদনের শুনানি ছিল বুধবার। সিবিআইয়ের করা মামলায় জামিন চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন পার্থ। বিচারপতি বন্দ্যোপাধ্যায় তাঁদের জামিন মঞ্জুর করেন। কৌশিক ঘোষ, শেখ আলি ইমাম, সুব্রত সামন্ত রায় এবং চন্দন ওরফে রঞ্জন মণ্ডলের জামিন মঞ্জুর করেন বিচারপতি সিংহ রায়ও। এই চার জনের ক্ষেত্রে দুই বিচারপতি একমত হওয়ায় সিবিআইয়ের মামলায় তাঁরা জামিন পেয়েছেন। কিন্তু জামিন পাননি পার্থ, সুবীরেশ ভট্টাচার্য, অশোক সাহা, কল্যাণময় গঙ্গোপাধ্যায়, শান্তিপ্রসাদ সিন্‌হারা।

কেন পার্থদের জামিনের বিষয়ে বিচারপতি বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে ভিন্নমত বিচারপতি সিংহ রায়?

প্রথমত, বিচারপতি সিংহ রায়ের পর্যবেক্ষণ, "এই সংক্রান্ত মামলার তথ্য দেখে মনে হচ্ছে, রাজ্য সরকারের একাংশ অভিযুক্তদের পরোক্ষ ভাবে বাঁচাতে চাইছে। এই অবস্থায় তাঁরা জামিন পেলে তা খুবই দুর্ভাগ্যের হবে।" কেন এ কথা বলছেন বিচারপতি? এই মামলায় সিবিআই আদালতে জানিয়েছিল, পার্থদের মামলার ট্রায়াল শুরু করা যাচ্ছে না। পার্থ প্রাক্তন মন্ত্রী। তাঁর বিরুদ্ধে ট্রায়াল শুরু করার জন্য রাজ্যপালের অনুমতি প্রয়োজন হয়। তা মিলেছে ইতিমধ্যেই। একই ভাবে বাকি অভিযুক্তেরা রাজ্য প্রশাসনের সঙ্গে যুক্ত ছিলেন। তাই তাঁদের ক্ষেত্রে ট্রায়ালের জন্য প্রয়োজন হয় মুখ্যসচিবের অনুমতি। সেই অনুমতি এখনও মেলেনি, আদালতে জানিয়েছিল কেন্দ্রীয় সংস্থা। এর ভিত্তিতেই বিচারপতি জানিয়েছেন, সরকারের একটি অংশ অভিযুক্তদের আড়াল করতে চাইছে বলে তাঁর মনে হচ্ছে।দ্বিতীয়ত, বিচারপতি সিংহ রায় জানিয়েছেন, নিয়োগ

এরপর ৩ পাতায়

## নয়াগ্রাম থানা এলাকার প্রতিবন্ধী ব্যক্তিদের

# পাশে দাঁড়াল ঝাড়গ্রাম জেলা পুলিশ



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নয়াগগ্রাম থানা এলাকার প্রতিবন্ধী ব্যক্তিদের পাশে দাঁড়াল ঝাড়গ্রাম জেলা পুলিশ। বুধবার পুলিশের উদ্যেগে চাঁদাবিলা এলাকায় একাধিক প্রতিবন্ধী ব্যক্তিদের

এরপর ৩ পাতায়







## জর্জটাউনে প্রধানমন্ত্রীকে স্বাগত জানালেন গায়ানার প্রেসিডেন্ট



**নতুন দিল্লি, ২০ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** ২০-২১ নভেম্বর ২০২৪ তারিখে গায়ানা সফর উপলক্ষে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জর্জটাউনে পৌঁছন। ৫৬ বছরের মধ্যে কোনো ভারতীয় প্রধানমন্ত্রীর এটাই প্রথম গায়ানা সফর। বিমানবন্দরে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান গায়ানার প্রেসিডেন্ট ডঃ মহম্মদ ইরফান আলি। সেইসঙ্গে সেখানে উপস্থিত ছিলেন গায়ানার প্রধানমন্ত্রী ব্রিগেডিয়ার (অবসরপ্রাপ্ত) মার্ক অ্যান্টনি ফিলিপস। গায়ানা সরকারের এক ডজনেরও বেশি মন্ত্রীও এই অনুষ্ঠানে হাজির ছিলেন। হোটেলে পৌঁছনোর পর প্রধানমন্ত্রীকে স্বাগত জানান প্রেসিডেন্ট আলি, বারবাডোজের প্রধানমন্ত্রী মাননীয় মিয়া আমোর মোটলে এবং গ্রেনাডার প্রধানমন্ত্রী মাননীয় ডিকন মিশেল। এছাড়া প্রধানমন্ত্রীকে বর্ণময় অভ্যর্থনা জানান ভারতীয় বংশোদ্ভূতরা। ভারত-গায়ানার ঘনিষ্ঠ বন্ধুত্বের স্মারক হিসেবে প্রধানমন্ত্রীর হাতে "জর্জটাউনের চাবি" তুলে দেন জর্জটাউনের মেয়র।

# ডিজিটাল জনপরিকাঠামো, কৃত্রিম বুদ্ধিমত্তা এবং প্রশাসনের ক্ষেত্রে প্রাসঙ্গিক তথ্য - ভারত, ব্রাজিল ও দক্ষিণ আফ্রিকা ত্রয়ীর যৌথ বিবৃতিকে সমর্থন করল জি-২০'র একাধিক দেশ এবং আন্তর্জাতিক বিভিন্ন সংগঠন

**নয়াদিল্লি, ২০ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** শতাব্দীর সূচনায় বিশ্বের বিকাশ হার ছিল ৩ শতাংশের সামান্য বেশি। অতিমারীর আগে এই হার দাঁড়ায় গড়ে প্রায় ৪ শতাংশ। একই সময়ে প্রযুক্তির উন্নতি হয়েছে নজিরবিহীনভাবে। এর প্রয়োগে সমতা বজায় রাখলে বিকাশ হার বৃদ্ধি, বৈষম্য হ্রাস এবং ধারাবাহিক উন্নয়নমূলক লক্ষ্য অর্জনে আমরা ঐতিহাসিক সুযোগ পেতে পারি। ধারাবাহিক উন্নয়নমূলক লক্ষ্য অর্জনের প্রশ্নে অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল রূপান্তর একান্ত জরুরি। বিভিন্ন জি-২০ গোষ্ঠীভুক্ত দেশের অভিজ্ঞতা বলছে যে, সুপরিকল্পিত ডিজিটাল জনপরিকাঠামো এবং কৃত্রিম বুদ্ধিমত্তার সঠিক প্রয়োগে প্রশাসনিক কাজে প্রাসঙ্গিক তথ্যের ব্যবহার দক্ষভাবে করা সম্ভব। এর ফলে, কর্মসংস্থানের সুযোগ বাড়ে এবং স্বাস্থ্য ও শিক্ষার মতো ক্ষেত্রে উন্নয়নমূলক কাজে গতি আসে। নাগরিকদের জীবনযাত্রার মানোন্নয়ন মানুষকে প্রাণবন্ত গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি আকৃষ্ট করে। এই প্রেক্ষিতে আমরা রাষ্ট্রসংঘের সামিল অফ দ্য ফিউচার এ গ্লোবাল ডিজিটাল কমপ্যাক্ট যাতে গৃহীত হয়, সেই আবেদন রাখছি। মিশরের কায়রোয় বিশ্ব ডিজিটাল জনপরিকাঠামো শিখর সম্মেলনকেও আমরা স্বাগত জানাই। অর্থনৈতিক বৃদ্ধি এবং কর্মসংস্থান উভয় ক্ষেত্রেই সাফল্যের জন্য প্রযুক্তির ব্যবহার এমন হওয়া উচিৎ, যাতে প্রতিটি নাগরিক তার সুবিধা পান এবং ক্ষুদ্র শিল্প ক্ষেত্রও উপকৃত হতে পারে। এরফলে, সংশ্লিষ্ট অঞ্চলটিতে বসবাসকারী মানুষের জীবনযাত্রায় ইতিবাচক প্রভাব পড়তে বাধ্য। ব্যবস্থাপনা এমন হওয়া উচিৎ, যা অন্তর্ভুক্তিমূলক, উন্নয়নমুখী, নিরাপদ এবং ব্যক্তির গোপনীয়তার অধিকারকে সম্মান জানায়। বিপণন ক্ষেত্রে মুক্ত আধুনিক ও নমনীয় দৃষ্টিভঙ্গী বাণিজ্য, স্বাস্থ্য, শিক্ষা এবং আর্থিক ক্ষেত্রে বেসরকারি উদ্যোগের পথ সুগম করে। এরফলে, গোটা বিষয়টি আরও দক্ষ হয়ে ওঠে এবং প্রযুক্তিগত বিভিন্ন প্রণালীর মধ্যে মেলবন্ধনও সম্ভব হয়ে ওঠে। সময়ের সঙ্গে সঙ্গে বর্ধিত জনসংখ্যার চাহিদা মেটানোর কাজও সহজ হয়। সময়ের সঙ্গে তাল মিলিয়ে প্রযুক্তিগত প্রসারে অন্যতম শর্ত হ'ল - প্রযুক্তি নিরপেক্ষ অবস্থান গ্রহণ এবং সকলের জন্য সমান সুযোগের ব্যবস্থা করা। এক্ষেত্রে ডিজিটাল জনপরিকাঠামো এবং কৃত্রিম বুদ্ধিমত্তা বিশেষ ভূমিকা নিতে পারে। এই দৃষ্টিভঙ্গী প্রতিযোগিতা ও উদ্ভাবনার প্রশ্নেও সহায়ক। এভাবে অর্থনৈতিক বিকাশ ত্বরান্বিত করার পাশাপাশি ডিজিটাল অর্থনীতিতে বৈষম্য হ্রাস করাও সম্ভব। সমদর্শিতার এই পরিমণ্ডল গড়ে তুলতে গেলে ব্যক্তিগত তথ্যাদির নিরাপত্তা রক্ষা করা একান্ত জরুরি। বৌদ্ধিক সম্পদের অধিকার রক্ষার বিষয়টিও এখানে এসে পড়ে। উন্নয়নশীল গণতন্ত্রগুলির মূল ভিত্তি হ'ল - পারস্পরিক আস্থা ও বিশ্বাস। প্রযুক্তির ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। নাগরিকদের অধিকার রক্ষা এবং প্রশাসনিক স্বচ্ছতার লক্ষ্যে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগে ভাষা ও সংস্কৃতিগত বৈচিত্র্যের বিষয়টিকেও মাথায় রাখা দরকার।

## দিল্লিতে ভয়াবহ বায়ুদূষণ, 'হোম অফিস' করবেন সরকারি কর্মীদের একাংশ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দিল্লিতে বায়ুদূষণ চরম মাত্রায় পৌঁছেছে। স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি চিন্তা করে এ রাজ্যের সরকারি কর্মচারীদের জন্য হোম অফিসের সুযোগ দিচ্ছে সেখানকার সরকার। বুধবার দিল্লির পরিবেশমন্ত্রী গোপাল রাই জানান, থেকে দিল্লির সরকারি কর্মচারীদের ৫০ শতাংশ বাড়ি থেকে কাজ করতে পারবেন।

গত রবিবার থেকে টানা দিল্লির বায়ুদূষণ মাত্রা 'সিভিয়ার প্লাস' ক্যাটেগরিতে রয়েছে। অর্থাৎ ভয়ানক দূষিত সেখানকার বাতাস।

বুধবার সকালে দিল্লির দূষণ সূচক মাত্রা রয়েছে ৪২৪-এ। সকাল থেকেই ধোঁয়াশার চাদরে মোড়া চতুর্দিক। কেবল দিল্লি নয়, উত্তর ভারত জুড়েই পরিস্থিতি দুর্বিষহ হয়ে উঠেছে। দৃশ্যমানতাও যথেষ্ট কম। ফলে বিমান পরিষেবাও ব্যাহত হচ্ছে।

আর এই দূষণ পরিস্থিতির কথা মাথায় রেখে দিল্লির সমস্ত স্কুলে অনলাইনে শিক্ষাদান শুরু

এরপর ৪ পাতায়




## প্রযুক্তির সুসংহতকরণকে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে স্বাস্থ্য ক্ষেত্রে ভারত সক্রিয়ভাবে কাজ করে চলেছে : প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ২০ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** স্বাস্থ্যসম্মত গ্রহই হচ্ছে উন্নততর গ্রহ, এই বার্তাকে তুলে ধরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেন, প্রযুক্তির সুসংহতকরণকে অগ্রাধিকার দিয়ে ভারত স্বাস্থ্য ক্ষেত্রে সক্রিয়ভাবে কাজ করে চলেছে। তিনি জোর দিয়ে বলেন, এক্ষেত্রে ভারত আন্তর্জাতিক প্রয়াসকে শক্তিশালী করবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহানির্দেশক ডাঃ টেড্রোস আধানম গেব্রেয়েসাস-এর এক পোস্টের প্রত্যুত্তরে শ্রী মোদী লিখেছেন :

"প্রিয় তুলসী ভাই,

স্বাস্থ্যসম্মত গ্রহই হচ্ছে উন্নততর গ্রহ। এই ক্ষেত্রে ভারত সক্রিয়ভাবে কাজ করছে। আমরা প্রযুক্তির সুসংহতকরণকেও অত্যন্ত অগ্রাধিকার দিচ্ছি। একইসঙ্গে আমরা এক্ষেত্রে আন্তর্জাতিক প্রয়াসকে শক্তিশালী করব।

## ভারতীয় সংস্কৃতি যেভাবে বিশ্বজুড়ে প্রভাব ফেলছে, তা প্রশংসনীয় : প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ২০ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** বেদান্ত ও গীতার প্রতি জোনাস মাসেট্টি-র ভাবাবেগের প্রশংসা করে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন, গোটা বিশ্বে ভারতীয় সংস্কৃতি যেভাবে প্রভাব ফেলছে, তা প্রশংসনীয়। সংস্কৃতে রামায়ণের একটি অনুষ্ঠান দেখার পর প্রধানমন্ত্রী জোনাস মাসেট্টি এবং তাঁর সঙ্গীদের সঙ্গে সাক্ষাৎ করেন।

এক্স পোস্টে তিনি লিখেছেন:

"জোনাস মাসেট্টি ও তাঁর দলের সঙ্গে সাক্ষাৎ করেছি। #MannKiBaat-এর এক অনুষ্ঠানে আমি বেদান্ত ও গীতার প্রতি তাঁর ভাবাবেগের কথা উল্লেখ করেছিলাম। তাঁর দল সংস্কৃতে রামায়ণের নানা ঝলক তুলে ধরেছে। যেভাবে ভারতীয় সংস্কৃতি বিশ্বজুড়ে প্রভাব ফেলছে, তা প্রশংসার যোগ্য।"

১-ম পাতার পর

## রদবদল নিয়ে অভিষেকের অফিসে বৈঠকে বক্সী, পরে নবান্নে গিয়ে রিপোর্ট মমতাকে

এখানেই। তবে মজার বিষয় হল, মমতা বন্দ্যোপাধ্যায় বা অভিষেক কিছু বললে তা নিয়ে আপত্তি করা বা ভিন্ন মত দেওয়া সুব্রত বক্সীর ধাতে নেই। বরং দলের মধ্যে ধারণা হল, সুব্রত বক্সী হ্যাঁ-তে হ্যাঁ মেলানোর মানুষ। তা ছাড়া সুব্রত বক্সী রাজ্য সভাপতি হলেও জেলা সংগঠনের অনেককে চেনেন না বা ব্যক্তিগত ভাবে নিয়মিত যোগাযোগ নেই। অর্থাৎ অনেকের মতে, মঙ্গলবারের বৈঠক ছিল অনেকটাই পোশাকি। আই প্যাকের সমীক্ষা ও পরামর্শক্রমে জেলা কমিটিতে বদলের যে তালিকা তৈরি করেছে অভিষেকের দফতর, সেটা রাজ্য সভাপতিকে দিয়ে পাশ করিয়ে নেওয়া। তার পর রাজ্য সভাপতিকেই দায়িত্ব দেওয়া যাতে তিনি দলনেত্রীর কাছ থেকে সেই তালিকা তথা বদলের ব্যাপারে অনুমোদন আদায় করে নেন।

কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রে খবর জেলা কমিটিতে রদবদলের ব্যাপারে গত ৪ নভেম্বর সোমবার, মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দীর্ঘ আলোচনা করেছিলেন অভিষেক। রদবদলের খসড়া তালিকা সেদিনই চূড়ান্ত হয়ে যায়। কোথায় কোথায় এখনই বদলের প্রয়োজন নেই সে ব্যাপারে মমতা বন্দ্যোপাধ্যায় সেদিনই তাঁর মত স্পষ্ট জানিয়ে দেন অভিষেককে। মোটামুটিভাবে কোচবিহার বাদে উত্তরবঙ্গের সব সাংগঠনিক জেলাতেই জেলা কমিটিতে বদল অনিবার্য বলে খবর। দক্ষিণবঙ্গেও বেশ কিছু জেলার কমিটিতে রদবদল হবে। যেমন, কাঁথি, তমলুক, বিষ্ণুপুর, ব্যারাকপুর, পুরুলিয়া, বারাসত ইত্যাদি। অর্থাৎ হিসাব মতো প্রায় চোদ্দ থেকে পনেরোটি সাংগঠনিক জেলায় জেলা সভাপতি বদল করা হতে পারে। উল্লেখযোগ্যদের মধ্যে জেলার সাংগঠনিক দায়িত্ব থেকে অব্যহতি দেওয়া হতে পারে দুই মহিলা সাংসদকে। একজন মহুয়া মৈত্র, অন্যজন হলেন কাকলি ঘোষদস্তিদার।

১-ম পাতার পর

## বেলডাঙায় যাওয়ার পথে বাধা পুলিশের, 'গ্রেফতার' সুকান্ত

পুলিশকে। সঙ্গে বেশ কিছু বিজেপি নেতাকেও আটক করা হয়। যদিও সূত্রের খবর, বিজেপি নেতারা জানিয়েছেন তাঁদের গ্রেফতার করা হয়েছে।দীর্ঘ সময় ধরে একাধিক এলাকায় বন্ধ থেকেছে ইন্টারনেট পরিষেবা। ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক মহলেও বিস্তর চাপানউতোর চলছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির জন্য বারেবারে রাজ্য প্রশাসনকেই কাঠগড়ায় তুলেছে বঙ্গ বিজেপি। দফায় দফায় তোপ দেগেছেন গেরুয়া শিবিরের নেতারা।

এদিনই রাজ্য বিজেপির তরফে বেলেডাঙায় বিশেষ কর্মসূচি নেওয়া হয়। যাওয়ার কথা ছিল সুকান্তর। নির্ধারিত সময়ে তিনি সেখানে যাওয়ার জন্য বের হলেও কৃষ্ণনগরে তাঁকে আটকে দেয় পুলিশ। রাস্তাতেই পুলিশের সঙ্গে তর্কাতর্কিতে জড়িয়ে পড়েন বিজেপি নেতারা। এদিকে সুকান্ত আসার আগেই ওই এলাকায় ব্যারিকেড নিয়ে প্রস্তুত ছিল পুলিশ। ছিলেন বাহিনীর পদস্থ কর্তারা। তাঁর কনভয় ওই এলাকায় আসতেই বাধা দেয় পুলিশ।

২ পাতার পর

## নয়াগ্রাম থানা এলাকার প্রতিবন্ধী ব্যক্তিদের পাশে দাঁড়াল ঝাড়গ্রাম জেলা পুলিশ

সহায়তাকারী সামগ্রী বিতরণ করা হল। এদিন দাঁতন মানব কল্যাণ কেন্দ্র নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠনের সহায়তায় পুলিশের পক্ষ থেকে বিশেষ ক্ষমতা সম্পন্নদের ট্রাই সাইকেল, হুইল চেয়ার এর মতো সামগ্রী বিতরণ করা হয়। এদিন ৮৫ জন প্রতিবন্ধী মানুষের হাতে তুলে দেওয়া হয় বিভিন্ন সরঞ্জাম।সাহায্য সামগ্রী পেয়ে খুশি নয়াগ্রামের প্রতিবন্ধী ব্যক্তিরা। উপস্থিত ছিলেন গোপীবল্লভপুরের এস.ডি.পিও পারভেজ সরফরাজ, নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষাল সহ স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যরা।

২ পাতার পর

## প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়-সহ পাঁচ জনকে জামিন দিতে রাজি হননি কলকাতা হাই কোর্টের বিচারপতি অপূর্ব সিংহ রায়

মামলায় কেউ তাঁকে এমন কোনও তথ্য দেখাতে পারেননি, যাতে মনে হচ্ছে যে, সিবিআই ট্রায়াল শুরু করতে অযথা দেরি করছে। ফলে কেন্দ্রীয় সংস্থার দেরির কারণে পার্থেরা জেলে, তা মনে করছেন না বিচারপতি।

তৃতীয়ত, বিচারপতির পর্যবেক্ষণ, সমগ্র নিয়োগ দুর্নীতির মাস্টারমাইন্ড এই পাঁচ জন। তাঁদের দ্বারাই দুর্নীতি সংঘটিত হয়েছে। প্রসন্নকুমার রায়, জীবনকৃষ্ণ সাহারা নিয়োগ মামলায় জামিন পেয়েছেন বটে। কিন্তু তাঁরা সাধারণ অভিযুক্ত। তাঁদের সঙ্গে পার্থদের তুলনা করলে চলবে না।

চতুর্থত, পার্থ-সহ যে পাঁচ জনকে জামিন দেওয়া হয়নি, তাঁরা এখনও প্রভাবশালী। তাঁরা জামিন পেলে নিয়োগ মামলার তথ্যপ্রমাণ নষ্ট হতে পারে। সাক্ষীদের উপর প্রভাব খাটানোর সম্ভাবনাও রয়েছে। তাই সব দিক বিবেচনা করে এখনই তাঁদের জামিন মঞ্জুর করতে রাজি নন বিচারপতি সিংহ রায়। তিনি রায়ের এই কপি রাজ্যের মুখ্যসচিব এবং ট্রায়াল কোর্টকে পাঠানোর জন্য হাই কোর্টের রেজিস্ট্রার জেনারেলকে অনুরোধও করেছেন।

২ পাতার পর

## ধারাবাহিক উন্নয়ন এবং শক্তির রূপান্তর সম্পর্কিত জি-২০ অধিবেশনে ভাষণ দিলেন প্রধানমন্ত্রী

কাজ আরও এগিয়ে নিয়ে যাওয়ায় ব্রাজিলের উদ্যোগেরও প্রশংসা করেন তিনি। ধারাবাহিক উন্নয়নের লক্ষ্যে ভারতের বিভিন্ন পদক্ষেপের প্রসঙ্গ তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি জানান, বিগত ১০ বছরে ভারত সরকার ৪ কোটি পরিবারের আবাসনের ব্যবস্থা করেছে; ৫ বছরে ১২ কোটি পরিবারের কাছে পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়া হয়েছে; ১০ কোটি পরিবারের পরিবেশ-বান্ধব রান্নার জ্বালানীর ব্যবস্থা হয়েছে এবং ১১ কোটি ৫০ লক্ষ পরিবারের জন্য শৌচালয় তৈরি হয়েছে। প্যারিসে প্রদত্ত দায়বদ্ধতা পালনের নিরিখে জি-২০ দেশগুলির মধ্যে ভারতের স্থান সর্বাগ্রে একথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ২০৩০ সাল নাগাদ পুনর্নবীকরণযোগ্য উৎস থেকে ৫০০ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নিয়েছে এই দেশ। ইতিমধ্যেই এই পন্থায় ২০০ গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। পরিবেশ-বান্ধব উন্নয়নের পথে এগিয়ে আমাদের বাসগ্রহকে রক্ষা করায় ভারত আন্তর্জাতিক সৌর জোট, বিপর্যয় মোকাবিলা পরিকাঠামো জোট, মিশন লাইফ, এক সূর্য এক বিশ্ব এক গ্রিড এবং আন্তর্জাতিক জৈব জ্বালানী জোটের মতো কর্মসূচিতে নেতৃস্থানীয় ভূমিকা নিয়েছে। দক্ষিণ বিশ্বের দেশগুলির, বিশেষত উন্নয়নশীল দ্বীপ রাষ্ট্রগুলির পক্ষে যাতে ধারাবাহিক উন্নয়নের পথে এগোনো সহজ হয়, সেজন্য প্রধানমন্ত্রী গ্লোবাল সাউথ শিখর সম্মেলনে ভারতের প্রস্তাবিত গ্লোবাল ডেভেলপমেন্ট কমপ্যাক্টকে সহায়তা করার জন্য সব দেশের প্রতি আবেদন রাখেন।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩১৩ সংখ্যা ২১ নভেম্বর, ২০২৪ বৃহস্পতিবার ০৫ অগ্রহায়ণ, ১৪৩১

## এবার করিমগঞ্জের নাম পাল্টে 'শ্রীভূমি' রাখছে বিজেপি!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আসাম রাজ্যের করিমগঞ্জ জেলার নাম পাল্টে 'শ্রীভূমি' রাখার সিদ্ধান্ত নিয়েছে রাজ্যের শাসক দল বিজেপি। মঙ্গলবার (১৯ নভেম্বর) মন্ত্রিসভার বৈঠকের পরে মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা জানান, করিমগঞ্জ নামের কোনো আভিধানিক অর্থ নেই। তাই তারা নতুন নামের জন্য রবীন্দ্রনাথ ঠাকুরের শরণ নিয়েছেন। শিগগিরই এই নাম বদল সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা হবে। যদিও বিরোধীদের মতে, মুসলিম 'করিম' নামে আপত্তি বিজেপির। তাই তারা ঢাল করছে রবীন্দ্রনাথকে।

১৯১৯ সালে করিমগঞ্জ হয়ে সিলেটে যান রবীন্দ্রনাথ। গবেষকেরা অনেকে মনে করেন, শ্রীহট্ট বা সিলেটে সেই সফরকালেই সম্ভবত কাউকে সই দিতে গিয়ে রবীন্দ্রনাথ অবিভক্ত ভারতের ওই অঞ্চলকে বর্ণনা করে লিখেছিলেন, 'মমতাবিহীন কালস্রোতে/ বাঙলার রাষ্ট্রসীমা হোতে/ নির্বাসিতা তুমি/ সুন্দরী শ্রীভূমি।' অবিভক্ত সিলেট জেলার মধ্যে শুধু করিমগঞ্জই দেশভাগের পরে ভারতে যুক্ত হয়। হিমন্তের যুক্তি, করিমগঞ্জ নামের কোনো ঐতিহাসিক গুরুত্ব নেই। কিন্তু শ্রীভূমির সঙ্গে ইতিহাস, অভিধান, রবীন্দ্র-স্মৃতি, সবই জড়িয়ে রয়েছে।

## সম্পাদকীয়

## মহারাষ্ট্র, ঝাড়খণ্ডে বিধানসভা ভোট

বিধানসভা নির্বাচন মহারাষ্ট্রের। এক দফাতেই ভোট হবে দেশের দ্বিতীয় বৃহত্তম রাজ্যের (জনসংখ্যার নিরিখে) ২৮৮টি বিধানসভা কেন্দ্রে। বুধবার একই সঙ্গে দ্বিতীয় তথা শেষ দফার ভোট হবে বাংলার পড়শি রাজ্য ঝাড়খণ্ডের ৮১টির মধ্যে ৩৮টি বিধানসভা আসনেও। সন্ধ্যায় জানা যাবে, দুই রাজ্যের বুথ ফেরত সমীক্ষার ফল।অন্য দিকে, লোকসভা নির্বাচনে বিজেপি ন'টি এবং তার দুই শরিক শিবসেনা (শিন্ডে) এবং এনসিপির অজিত গোষ্ঠী যথাক্রমে জিতেছে সাতটি আর একটি আসনে। পাঁচ বছর আগের ফল থেকে প্রায় দু'ডজন আসন কম পেয়েছে এনডিএ জোট। যদিও বিজেপি শিবিরের দাবি, এ বার ধাক্কা কাটিয়ে উঠে নিরঙ্কুশ গরিষ্ঠতা পাবে তারা। তবে কয়েকটি আসনে দুই জোটেরই সহযোগী দলগুলি 'বন্ধুত্বপূর্ণ লড়াই' করছে। অন্য দিকে, ঝাড়খণ্ডের ১৪টি লোকসভা আসনের মধ্যে এ বার বিজেপি ৮ এবং তার সহযোগী আজসু ১টিতে জিতেছে। বিরোধী জোটের জেএমএম ৩ এবং কংগ্রেস ২টিতে। কংগ্রেস সাংসদের মৃত্যুর কারণে মহারাষ্ট্রের নান্দেড় লোকসভা আসনে উপনির্বাচন হবে বুধে। সেই সঙ্গে উত্তরপ্রদেশের ন'টি, পঞ্জাবের চারটি, কেরল এবং উত্তরাখণ্ডের একটি করে বিধানসভা আসনেও।যদিও ভারতীয় গণতন্ত্রের ইতিহাস বলছে, অনেক সময়ই এমন সমীক্ষার সঙ্গে প্রকৃত ফল মেলে না। যার সাম্প্রতিকতম উদাহরণ গত মাসে হরিয়ানার বিধানসভা ভোট।

মহারাষ্ট্রে বিধানসভা নির্বাচনে মোট ভোটারের সংখ্যা ন'কোটি ৭০ লক্ষেরও বেশি। তাঁরা ৪১৩৬ জন প্রার্থীর জয়-পরাজয় নির্ধারণ করবেন। ভোট গণনা হবে ২৩ নভেম্বর। মূল লড়াই বিজেপি-শিবসেনা (একনাথ শিন্ডে)-এনসিপি (অজিত)-এর জোট 'মহাজুটি'এবং কংগ্রেস-শিবসেনা (ইউবিটি)-এনসিপি (শরদ)-এর 'মহাবিকাশ আঘাড়ী'র মধ্যে। এ ছাড়া ভোটের ময়দানে রয়েছে রাজ ঠাকরের মহারাষ্ট্র নবনির্মাণ সেনা (এমএনএস), বাবাসাহের অম্বেডকরের পুত্র তথা প্রাক্তন সাংসদ প্রকাশ অম্বেডকরের 'বঞ্চিত বহুজন আঘাড়ী' (ভিবিএ), হায়দরাবাদের সাংসদ আসাদউদ্দিন ওয়েইসির 'অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন' (মিম)-সহ বেশ কয়েকটি আঞ্চলিক দল।

ক্ষমতাসীন জোটের গুরুত্বপূর্ণ প্রার্থীদের মধ্যে রয়েছেন মুখ্যমন্ত্রী তথা শিবসেনা প্রধান একনাথ শিন্ডে (কোপরি-পাচপাখাড়ি), দুই উপমুখ্যমন্ত্রী, এনসিপির অজিত পওয়ার (বারামতী) এবং বিজেপির দেবেন্দ্র ফড়ণবীস (নাগপুর দক্ষিণ-পশ্চিম)। বিরোধী জোটের উল্লেখযোগ্যদের মধ্যে শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরের পুত্র আদিত্য (ওরলি), প্রদেশ কংগ্রেস সভাপতি নানা পাটোলে (সাকোলি) এবং শরদ পওয়ারের নেতৃত্বাধীন এনসিপি(এসপি)-র পরিষদীয় দলনেতা জিতেন্দ্র আওয়াড় (মুমব্রা-কালওয়া)।

ঝাড়খণ্ডের ৮১টি বিধানসভা আসনের মধ্যে প্রথম দফায় গত ১৩ নভেম্বর ৪৩টিতে ভোটগ্রহণ হয়েছিল। বুধবার হবে বাকি ৩৮টিতে। সে রাজ্যে ভোটের প্রচারে বিজেপির কেন্দ্রীয় ও রাজ্যস্তরের নেতারা ধারাবাহিক ভাবে মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের নেতৃত্বাধীন জেএমএম-কংগ্রেস-আরজেডির 'মহাগঠবন্ধনের' বিরুদ্ধে জমি কেলেঙ্কারি, দুর্নীতির পাশাপাশি 'জমি জিহাদে' মদত দেওয়ার অভিযোগ তুলেছে। ২০১৯-এর বিধানসভা ভোটে প্রায় সাড়ে ৩৫ শতাংশ ভোট পেয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ হয়েছিল জেএনএম-কংগ্রেস-আরজেডির 'মহাগঠবন্ধন'। এ বারও তিন দল একসঙ্গে লড়ছে। সঙ্গে পেয়েছে বাম দল সিপিআইএমএল (লিবারেশন)-কে।

ক্ষমতাসীন জোটের সঙ্গে মূল লড়াই বিজেপি নেতৃত্বাধীন এনডিএ-র। গত বার আলাদা লড়লেও বিজেপি এ বার প্রাক্তন উপমুখ্যমন্ত্রী সুদেশ মাহাতোর 'অল ঝাড়খণ্ড স্টুডেন্টস ইউনিয়ন' (আজসু)-এর সঙ্গে জোট গড়েছে। সঙ্গে রয়েছে বিহারের নীতীশ কুমারের দল জেডিইউ এবং কেন্দ্রীয় মন্ত্রী চিরাগ পাসোয়ানের দল এলজেপি (রামবিলাস)। দ্বিতীয় দফার ভোটে গুরুত্বপূর্ণ প্রার্থীদের মধ্যে রয়েছেন মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন (বরহেট), তাঁর স্ত্রী কল্পনা (গাঁড়েয়), ভাই বসন্ত (দুমকা)। বিজেপির টিকিটে লড়ছেন দলের রাজ্য সভাপতি বাবুলাল মরান্ডি (ধনওয়ার) এবং প্রাক্তন জেএমএম বিধায়ক তথা বর্তমানে বিজেপি নেত্রী হেমন্তের বৌদি সীতা (জামতাড়া)।

মহারাষ্ট্রে ২০১৯ সালের বিধানসভা ভোটে বিজেপি এবং অবিভক্ত শিবসেনার জোট সংখ্যাগরিষ্ঠতা পেলেও ভোটের পর মুখ্যমন্ত্রিত্ব নিয়ে উদ্ধবের সঙ্গে পদ্ম শিবিরের বিরোধ বাধায় সরকার গঠন ঝুলে থাকে। এর পর অবিভক্ত এনসিপির পরিষদীয় নেতা অজিত 'বিদ্রোহী' হয়েছিলেন। তাঁর সমর্থন পেয়ে মুখ্যমন্ত্রী পদে শপথ নিয়েছিলেন বিজেপির দেবেন্দ্র ফড়ণবীস। অজিত হন উপমুখ্যমন্ত্রী। কিন্তু সে সময় এনসিপি পরিষদীয় দলে ভাঙন ধরাতে ব্যর্থ হয়ে ইস্তফা দিতে হয় তাঁদের দু'জনকে। এর পর অজিত আবার শরদের শিবিরে আশ্রয় নেন। তাঁকে শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরের নেতৃত্বাধীন মহাবিকাশ আঘাড়ী জোট সরকারের উপমুখ্যমন্ত্রী করেছিলেন শরদ।

কিন্তু ২০২২-এর জুন মাসে একনাথ শিন্ডের নেতৃত্বে শিবসেনায় ভাঙন ধরলে মহাবিকাশ আঘাড়ী সরকারের পতন ঘটে। বিজেপির সমর্থনে মুখ্যমন্ত্রী হন শিন্ডে। এর পর ২০২৩ সালের ২ জুলাই শরদের সঙ্গ ছেড়ে অধিকাংশ এনসিপি বিধায়ককে নিয়ে আবার বিদ্রোহী হন অজিত। শিন্ডের নেতৃত্বাধীন 'মহাজুটি' সরকারের উপমুখ্যমন্ত্রীও হন। যদিও ছ'মাস আগের লোকসভা ভোটে মহারাষ্ট্রে 'ইন্ডিয়া' পরাস্ত করে এনডিএকে। সে রাজ্যের ৪৮টি আসনের মধ্যে বিরোধী জোটের ঝুলিতে গিয়েছে ৩০টি (কংগ্রেস ১৩, উদ্ধবসেনা ৯ এবং শরদপন্থী এনসিপি ৮)। পাশাপাশি, সাংলি আসনে জয়ী নির্দল প্রার্থী কংগ্রেস শিবিরে ভিড়ে গিয়েছেন ইতিমধ্যেই।

## মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(অষ্টম পর্ব)

সমস্ত দর্শনার্থীদের প্রসাদ হিসাবে বিতরণ করা হয়।

আদ্যাস্তোত্রম

ওঁ নমঃ আদ্যায়ৈ

শৃণু বৎস্য প্রবক্ষ্যামি আদ্যাস্তোত্রং মহাফলম্।

যঃ পঠেৎ সততং ভক্ত্যা স এব নিষ্ণুবল্লতঃ।।


মৃত্যুব্যাধিভয়ং তস্য নাস্তি কিঞ্চিৎ কলৌযুগে।

অপুত্রা লভতে পুত্রং ত্রিপক্ষং শ্রবণং যদি।।

দ্বৌ মাসৌ বন্ধনান্মুক্তি বিপ্রর্বক্ত্রাক্তাৎ শ্রতং যদি।

মৃতবৎসা জীববৎসা যন্মাসং শ্রবণং যদি।।

নৌকায়াং সঙ্কটে যুদ্ধে





পঠনাজ্জয়মাপ্নুয়াৎ।

লিখিত্বা স্থাপয়েদ্ গেহে নাগ্নিচৌরভয়ং ক্বচিৎ।।

রাজস্থানে জয়ী নিত্যং প্রসন্না সর্বদেবতাঃ।

ওঁ হ্রীং ব্রহ্মানী ব্রহ্মলোকে চ বৈকুণ্ঠে সর্বমঙ্গলা।।

ইন্দ্রাণী অমরাবত্যামম্বিকা বরুণালয়ে।

যমালয়ে কালরূপা কুবেরভবনে শুভা।

মহানন্দাগ্নিকোণে চ বায়ব্যাং মৃগবাহিনী।।

নৈঋত্যাং রক্তদন্তাচ ঐশান্যাং শূলধারিনী।

পাতালে বৈষ্ণবীরূপা সিংহলে দেবমোহিনী।

সুরসা চ মণিদ্বীপে লঙ্কায়াং ভদ্রকালিকা।।

রামেশ্বরী সেতুবন্ধে বিমলা পুরুষোত্তম।

বিরজা ঔড্রদেশে চ কামাক্ষ্যা নীলপর্বতে।।

কালিকা বঙ্গদেশে চ অযোধ্যায়াং মহেশ্বরী।

বারাণস্যামন্নপূর্ণা গয়াক্ষেত্রে গয়েশ্বরী।।

কুরুক্ষেত্রে ভদ্রকালী ব্রজে কাত্যায়নী পরা।

দ্বারকায়াং মহামায়া মথুরায়াং

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## মণিপুরে কালো পোশাক পরে কফিন নিয়ে কুকিদের মিছিল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মণিপুর রাজ্যে ১০ জন কুকি জো যুবকের খুনের প্রতিবাদে কালো পোশাক পরে কফিন নিয়ে মিছিল করেছে কুকিদের তিনটি সশস্ত্র সংগঠন। জঙ্গি তকমা দিয়ে সিআরপিএফ বাহিনীর হাতে ১০ জন কুকি জো যুবকের খুনের প্রতিবাদে মঙ্গলবার এই মিছিলের ডাক দেয় কুকি ছাত্র সংগঠনগুলি। দশম শ্রেণির ঊর্ধ্বে স্কুল-কলেজের ছাত্রছাত্রীদের কালো জামা পরে মিছিলে অংশ নিতে বলা হয় জোমি স্টুডেন্টস ফেডারেশন, কুকি স্টুডেন্টস অর্গানাইজেশন এবং হমার স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে। সে অনুযায়ী ১০টি প্রতীকী কফিন নিয়ে শোক-প্রতিবাদ মিছিল বের করা হয়। সেইসঙ্গে স্লোগান তোলা হয় 'জাস্টিস ফর ইন্ডিজেনাস পিপল'। গত দেড় বছরের বেশি সময় ধরে ধারাবাহিকভাবে জাতিগত সহিংসতার



ঘটনা ঘটে চলেছে মণিপুরে। সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকাগুলোর মধ্যে রয়েছে- পাহাড়ি এলাকার মিশ্র জনবসতি সম্পন্ন জেলা চূরাচাঁদপুর। সেখানেই দেখা গেছে জাস্টিসের দাবিতে কুকিদের এই মিছিল। গোষ্ঠী সহিংসতায় নিহত পরিজনদের স্মরণে প্রতীকী কফিন ছিল সেই মিছিলে। অন্যদিকে মণিপুরের মেইতেই নাগরিক সমাজ রাজ্য ও কেন্দ্রীয় সরকারের ভূমিকায় খুবই অসন্তুষ্ট। একটি বৈঠকে তারা একটি প্রস্তাব গ্রহণ করেছে। যাতে শাসকদলের বৈঠকে গৃহীত প্রস্তাবকে প্রত্যাখ্যান করে সুশীল সমাজের নেতৃবৃন্দ। ২৪ ঘণ্টার মধ্যে সরকার কঠোর পদক্ষেপ না নেওয়া হলে তারা চূড়ান্ত ব্যবস্থা নেবে বলে হুমকি দিয়েছে। গত ৭ নভেম্বর থেকে নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে মণিপুর। বিশেষ করে এখানকার জিরিবাম জেলা। রিপোর্ট লেখা পর্যন্ত ২০ জনের মৃত্যু হয়েছে সেখানে। গত সপ্তাহে জিরিবাম জেলায় হামলা চালায় কুকিরা। সেই ঘটনায় নিরাপত্তাবাহিনীর গুলিতে ১০ জঙ্গির মৃত্যু হলেও ছয় গ্রামবাসীকে অপহরণ করে কুকিরা। পরে তাদের হত্যা করা হয়। উত্তপ্ত মণিপুরের পরিস্থিতি সামাল দিতে সেখানে বন্ধ করা হয়েছে ইন্টারনেট পরিষেবা। জারি করা হয়েছে কারফিউ।

৩ পাতার পর

## দিল্লিতে ভয়াবহ বায়ুদূষণ, 'হোম অফিস' করবেন সরকারি কর্মীদের একাংশ

হয়েছে। দিল্লি ও জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা কলেজগুলোতেও অনলাইনে ক্লাস হচ্ছে। দিল্লির পাশাপাশি গুরুগ্রাম এবং নয়ডার স্কুলগুলোতেও অনলাইন ক্লাস শুরু হয়েছে।

সাধারণত দূষণ সূচক মাত্রা ৪৫০ অতিক্রম করলেই তা 'অতি ভয়ানক' বলে চিহ্নিত হয়। গত রবিবার থেকে রাজধানীর বাতাসের গুণমান ৪৫০ পেরিয়ে যাচ্ছে। বিশেষজ্ঞদের মতে, বিপদসীমার খুব কাছে দিল্লির বাতাসের গুণমান। দিল্লির অধিকাংশ জায়গার বাতাস 'অতি ভয়ংকর' পর্যায়ে রয়েছে। যা উদ্বেগ বাড়াচ্ছে সেখানকার আবহাওয়াবিদদের।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

পদ্ম হল সূর্যের প্রতীক। আর সূর্য হল বিষ্ণুরই এক রূপ। বিষ্ণুর হাতেও পদ্ম রয়েছে। তাই বিষ্ণুশক্তি হিসেবে লক্ষ্মীর হস্তে পদ্ম থাকাটা স্বাভাবিক। আবার পদ্ম ভক্তিরও প্রতীক। দেবী ভক্তদের ভক্তি প্রদান করেন তাই ভক্তিপদ্ম তার হস্তে।

লক্ষ্মী দেবীর অবতার

বিষ্ণুর মত লক্ষ্মী দেবীরও অবতার রয়েছে। সীতা, রুক্মিণী, রাধা প্রভৃতি দেবী লক্ষ্মীর অবতার। প্রপঞ্চসার তন্ত্রে লক্ষ্মী দেবীর যে নয়টি শক্তির পরিচয় পাওয়া যায়, তা হল- বিভূতি, উন্নতি, কামিত্ব, হৃষ্টি, কীর্তি, সন্নতি, ব্যুষ্টি, উৎকৃষ্টি ও ঋদ্ধি। ক্রমশঃ

## নির্বাচনি প্রচারণায় বাংলাদেশিদের হেয় করছে বিজেপি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঝাড়খণ্ড রাজ্যের নির্বাচনকে ঘিরে বার বার উচ্চারিত হচ্ছে বাংলাদেশিদের নাম। দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি থেকে শুরু করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহসহ বিজেপির সব নেতা বলে আসছেন, ঝাড়খণ্ডে অনেক অনুপ্রবেশকারী মুসলিম বাংলাদেশি আছেন।

তারা অবৈধভাবে সেখানে থাকছেন। পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সব সুযোগ সুবিধা ভোগ করছেন 'অবৈধ' বাংলাদেশি মুসলিমরা। খবর আলজাজিরার।

ঝাড়খণ্ডের এই নির্বাচনে কথিত অবৈধ অনুপ্রবেশকারী বাংলাদেশিদের নিয়ে সর্বোচ্চ নির্লজ্জতা দেখিয়েছে বিজেপি। তারা নির্বাচনি প্রচারণার অংশ হিসেবে একটি ভিডিও তৈরি করেছে।

এতে দেখা যাচ্ছে, ঝারখণ্ডের একটি সাজানো গোছানো বাড়িতে বসে খাবার খাচ্ছেন ঘরটির বাসিন্দারা। ওই সময় দরজায় কলিং বেল বেজে ওঠে। তখন বাড়ির এক লোক দরজা খোলার পর দেখতে পান মাথায় টুপি দেওয়া প্রাপ্ত বয়স্ক অনেক মানুষ, কিছু নারী ও অসংখ্য শিশু দাঁড়িয়ে আছে।

তারা ওই বাড়িতে ঢুকে পড়ছে এবং বাড়িটি নোংরা করছে। ওই সময় বাড়ির ভেতর অনুপ্রবেশকারীদের শরীর থেকে দুর্গন্ধ বের হচ্ছে এমন দৃশ্যও দেখানো হয়।

এরমাধ্যমে মূলত বাংলাদেশি অনুপ্রবেশকারীদের বোঝানো হয়েছে। যাদের নোংরা হিসেবে বোঝানো হয়েছে। যারা বাংলাদেশ থেকে ঝাড়খণ্ডে গিয়ে সেখানকার পরিবেশ নষ্ট করছে।

ভিডিওটির শেষ দিকে দুই ব্যক্তিকে ওই বাড়ির লোককে বলতে শোনা যায়, আপনারা যে সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় এনেছেন তারাই এই অনুপ্রবেশকারীদের এনেছে। তাহলে কেন শুধুমাত্র তাদের বস্তিগুলো নোংরা থাকবে। পরিস্কার পরিচ্ছন্ন বাড়িগুলোও নোংরা হওয়া দরকার। ভিডিওর শেষে এসব দূরীকরণে বিজেপিকে ভোট দেওয়ার কথা বলা হয়।

সংবাদমাধ্যম আলজাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, এই ভিডিওর মাধ্যমে মূলত মুসলিম এবং বাংলাদেশিদের হেয় করা হয়েছে। ভিডিওটি অত্যন্ত কুরুচিপূর্ণ হওয়ায় ভারতের নির্বাচন কমিশন এটি বিজেপির প্রচারণা থেকে বাদ দেওয়ারও নির্দেশ দিয়েছে।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

# মাতৃত্ব নিয়ে যা বললেন ইয়ামি গৌতম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিনয় দক্ষতা দিয়ে দর্শকদের মনে জায়গা করে নিয়েছেন বলিউড অভিনেত্রী ইয়ামি গৌতম। ব্যক্তিজীবনে বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছেন চলচিচত্র পরিচালক আদিত্য ধরকে। এরপর তাদের ঘর আলোকিত করে আসে পুত্র সন্তান। দেখতে দেখতে ইয়ামি-আদিত্যর ছেলের বয়স এখন ৬ মাস। মা হওয়ার পর প্রথম শিশু দিবস উদযাপন করছেন ইয়ামি। আর এই বিশেষ দিনে মাতৃত্ব নিয়ে নানান কথা ভক্ত-অনুরাগীদের মাঝে শেয়ার করেছেন।

এক প্রতিবেদন বলা হয়, মা হওয়ার পর জীবন বদলে যায় এমন প্রশ্ন করা হলে ইয়ামি গৌতম বলেন, 'আমার মনে আছে যেদিন হাসপাতাল থেকে বাড়ি ফিরে এলাম সেদিন সবাই বাচ্চাকে দেখতে চাইছিল। বুঝতেই পারছেন, ঠিক যেমনটা সব পরিবারে ঘটে। তবে সেসময় আমি একটু সময় নিয়ে আদিত্যর পাশে বসলাম।'

অভিনেত্রীর কথায়, 'আমি জানি না কীভাবে এটার ব্যাখ্যা করব, তবে সেই মুহূর্তের ঠিক আগে আমার জীবন কেমন যেন ঝাপসা বলে মনে হচ্ছিল। তাই কোনও মহিলা যে শুধু একটা শিশুর জন্ম দিচ্ছেন তা নয়, তার নিজের সত্তার জন্ম দিচ্ছেন। আর এটা অত্যুক্তি নয়। সবকিছু- মানসিকভাবে, আবেগগতভাবে, শারীরিকভাবে ওই এক মুহূর্তে বদলে যায়।'

ছেলের নাম 'বেদবিদ' কেন রেখেছেন এ বিষয়ে ইয়ামি গৌতমের ভাষ্য, 'এই নামটা একেবারেই অন্যরকম। এটা ভগবান বিষ্ণু এবং ভগবান শিবের একটা নাম। আর বেদবিদ অর্থ হল যিনি সমস্ত বেদ জানেন।' এরপর মজা করে বলেন, 'তাহলেই বুঝতে পারছেন ওর উপর কতটা চাপ রয়েছে।'

প্রসঙ্গত, ইয়ামি প্রথমে টেলিভিশন সিরিয়ালে অভিনয় শুরু করেন। তার প্রথম হিন্দি সিনেমা ছিল 'ভিকি ডোনর' যেটি তাকে রাতারাতি জনপ্রিয় করে তোলে। এই সিনেমায় তার চরিত্রটি দর্শক এবং সমালোচকদের মন কাড়ে এবং বলিউডে তার অবস্থান শক্তিশালী হয়।

## শুটিংয়ে আহত হয়ে হাসপাতালে অভিনেত্রী লহমা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুর্ঘটনার শিকার হয়েছেন টালিউড অভিনেত্রী লহমা ভট্টাচার্য। হাসপাতালের বিছানায় শুয়েই সামাজিক যোগাযোগমাধ্যমে নিজের পরিস্থিতি তুলে ধরেন অভিনেত্রী। সেখান থেকে ছবি তুলে ভাগ করে নেন অনুরাগীদের মাঝে।

ছবিতে দেখা যায়, স্যালাইন চলছে অভিনেত্রীর শরীরে। লিখেছেন, শুটিংয়ের দিনটা অন্যভাবে পরিকল্পনা করা হয়েছিল। কিন্তু ঘটল অন্যরকম। দুর্ঘটনা তো ঘটতেই পারে। অস্ত্রোপচার হয়েছে। তবে আমাকে শক্ত থাকতে হবে।

১২ নভেম্বর 'চালচিত্র' ছবির একটি বিশেষ গানের শুটিং করছিলেন পরিচালক প্রতিম ডি'গুপ্ত। এই গানে ছিলেন ছবির দুই অভিনেতা টোটা রায়চৌধুরী এবং শান্তনু মহেশ্বরী। এই গানে অতিথি শিল্পী হিসেবে উপস্থিত ছিলেন লহমা।

অভিনেত্রী জানিয়েছেন, শুটিং ফ্লোরে নাচার সময় চাপ পড়ে তার ডান পায়ের আঙুলে, নখ ভেঙে মাংসের মধ্যে ঢুকে যায়। এরপর সোজা চলে যান হাসপাতালে। অস্ত্রোপচার করা হয়।

প্রসঙ্গত, জিতের 'রাবণ' ছবি থেকেই টালিউডে পা রাখেন লহমা। এরপর পরমব্রত ও আবিরের সঙ্গে তাকে দেখা গেছে 'বিয়ে বিভ্রাট' ছবিতে। প্রথম ছবি থেকেই টালিপাড়ার নজর কেড়েছেন লহমা।

# বিবাহবার্ষিকীতে দীপিকাকে বিশেষ বার্তা দিলেন রণবীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইতালির লেক কোমোতে বসেছিল বিয়ের আসর। অনুরাগীরা ভালবেসে সেই বিয়ের নামকরণ করেছিলেন 'রূপকথার বিয়ে'। আজ ছয় বছর পূর্ণ হল তাদের বিয়ের বয়স। তবে এ বছরের রণবীর সিং-দীপিকা পাড়ুকোনের বিবাহবার্ষিকী বিশেষ। কারণ, তাদের কোল জুড়ে এসেছে কন্যা সন্তান। সংসারে নতুন সদস্য আসায় আনন্দেই রয়েছে দুই পরিবার।



এদিকে ষষ্ঠ বিবাহবার্ষিকীতে স্ত্রী দীপিকাকে বিশেষ বার্তা দিলেন রণবীর সিং। দীপিকার একগুচ্ছ হাসির ছবি ইনস্টাগ্রামে শেয়ার করেছেন রণবীর। লিখলেন, 'প্রত্যেক দিনই স্ত্রীর প্রশংসা করার দিন। তবে আজকে প্রধান দিন, শুভ বিবাহবার্ষিকী দীপিকা। তোমাকে ভালোবাসি।' সঙ্গে ছবির আবহে জুড়ে দিলেন 'সাথিয়া' ছবির 'হাসতি রহে তু হাসতি রহে' গানটি।

সঞ্জয় লীলা বনশালি পরিচালিত 'গোলিও কি রাসলীলারামলীলা'র সেটে দীপিকা ও রণবীরের প্রেম শুরু হয়। ২০১৮ সালের ১৪ নভেম্বর সাত পাকে বাঁধা পড়েছিলেন দীপিকা পাড়ুকোন ও রণবীর সিংহ। কোঙ্কনি ও সিন্ধ্রি, দুই মতেই বিয়ে করেন দীপিকা-রণবীর।

চলতি বছরের ফেব্রুয়ারি মাসেই অন্তঃসত্ত্বা হওয়ার কথা জানান দীপিকা। সেই সময়ই জানিয়েছিলেন, সেপ্টেম্বরে ভূমিষ্ঠ হবে তার রণবীরের সন্তান। গত ৮ সেপ্টেম্বর দীপিকার কোল জুড়ে আসে কন্যা সন্তান। নাম রেখেছেন 'দুয়া'। এখন মেয়েকে নিয়েই তাদের সুখের সংসার।

# সর্বোচ্চ পারিশ্রমিক নিয়ে রেকর্ড গড়লেন প্রভাস



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** 'বাহুবলি' সিনেমার মাধ্যমে রাতারাতি তারকাখ্যাতি পান প্রভাস। এরপর আর পেছন ফিরে তাকাতে হয়নি তেলেগু সিনেমার জনপ্রিয় এই অভিনেতাকে। তার পরবর্তী প্রতিটি সিনেমার জন্য ২০০ কোটি রুপি পারিশ্রমিক নিচ্ছেন তিনি।

সিয়াসাত ডটকমের তথ্য মতে, প্রভাস তার পরবর্তী তিনটি সিনেমা থেকে ৬০০ কোটি রুপি (বাংলাদেশি মুদ্রায় ৮৫৪ কোটি ২৬ লাখ টাকার বেশি) পারিশ্রমিক নেবেন। অর্থাৎ প্রতি সিনেমার জন্য ২০০ কোটি রুপি পারিশ্রমিক নেবেন তিনি। ভারতীয় অভিনেতাদের মধ্যে সর্বোচ্চ পারিশ্রমিক এটি।

এর আগে 'পুষ্পা' সিনেমার জন্য আল্লু অর্জুন পারিশ্রমিক নেন ২৬০ কোটি রুপি। তবে এটি কেবল পারিশ্রমিক নয়, এর মধ্যে যুক্ত রয়েছে প্রফিট-শেয়ার। কিন্তু প্রভাস প্রতিটি সিনেমার জন্য শুধু পারিশ্রমিক নিচ্ছেন ২০০ কোটি রুপি।

'কেজিএফ', 'কানতারা'-এর মতো সিনেমা নির্মাণ করে প্রশংসা কুড়িয়েছে হোম বালে ফিল্মস। প্রযোজনা প্রতিষ্ঠানটি প্রভাসকে নিয়ে তিনটি সিনেমা নির্মাণ করতে যাচ্ছে। এসব সিনেমা ২০২৬, ২০২৭ ও ২০২৮ সালে মুক্তির পরিকল্পনা করেছে। তিনটি সিনেমার মধ্যে প্রথম নির্মিত হবে 'সালার টু'। এটি পরিচালনা করবেন প্রশান্ত নীল।

বাকি দুটো সিনেমার নাম ও পরিচালক এখনো চূড়ান্ত হয়নি। তবে শোনা যাচ্ছে, লোকেশ কঙ্গরাজ ও প্রশান্ত ভার্মা এ দুটো সিনেমা পরিচালনা করতে পারেন। এই ৩ সিনেমার জন্য ৬০০ কোটি রুপি পারিশ্রমিক নেবেন প্রভাস।

প্রসঙ্গত, প্রভাস অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'কল্কি'। গত ২৭ জুন মুক্তি পায় এটি। ৬০০ কোটি রুপি বাজেটের এ সিনেমা বক্স অফিসে আয় করেছে ১১০০-১২০০ কোটি রুপি। বর্তমানে প্রভাসের হাতে পাঁচটি সিনেমার কাজ রয়েছে।

# কীভাবে ৪,৬০০ কোটি টাকার মালিক হলেন জুহি চাওলা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঐশ্বরিয়া রায় বচ্চন, প্রিয়াঙ্কা চোপড়া বা দীপিকা পাড়ুকোন নন, এই সময়ে ভারতের সবচেয়ে ধনী অভিনেত্রী নব্বই দশকের বলিউড সুইটহার্ট জুহি চাওলা।

সম্প্রতি হুরুন রিচ লিস্ট ২০২৪ এর বরাত দিয়ে এমন খবর প্রকাশ করে ভারতীয় গণমাধ্যম দ্য ইন্ডিয়ান এক্সপ্রেস। অথচ ২০০৯ সালের পর থেকে জুহি চাওলার বড় কোনো হিট সিনেমা নেই। বলা চলে তিনি প্রায় অবসরেই আছেন।

দ্য ইন্ডিয়ান এক্সপ্রেসের খবরে বলা হয়েছে, জুহি চাওলার সম্পত্তির পরিমাণ এখন প্রায় ৪,৬০০ কোটি টাকা। যা তাকে বলিউডের অন্যতম ধনী অভিনেত্রীর তালিকায় এনে বসিয়েছে।

১৯৮০ এবং ১৯৯০-এর দশকে তিনি ছিলেন অন্যতম জনপ্রিয় তারকা। ২০০০ সালের দিকে সিনেমার সংখ্যা কমিয়ে আনলেও এর আগেই তিনি ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল) দলের সহ-মালিক এবং রেড চিলিজ গ্রুপের সহ-প্রতিষ্ঠাতা হয়ে ওঠেন। যা তিনি ও তার স্বামী জয় মেহতা এবং শাহরুখ খান সাথে যৌথভাবে প্রতিষ্ঠা করেন।

একটি পুরোনো সাক্ষাৎকারে জুহি বলেছিলেন, ছোটবেলায়, স্কুলে আমাদের জিজ্ঞাসা করা হয়েছিল বড় হয়ে কী হতে চাই। তখন একটি সিনেমা এসেছিল 'রিচ অ্যান্ড ফেমাস' তাই আমি আমার বইয়ে লিখেছিলাম: 'খুশি, সুস্থ, ধনী এবং বিখ্যাত হতে চাই।' বন্ধুরা এটা দেখে আমাকে খুব মজা করেছিল, তারা বলেছিল, 'তুমি কিভাবে ধনী আর বিখ্যাত হবে?' আমার তখন কোনও ধারণাই ছিল না। আমি তখন মাত্র ষষ্ঠ বা সপ্তম শ্রেণিতে পড়ি। কিন্তু জীবন কেমন বদলে গেল, একটি সাধারণ কলেজ ফ্যাশন শোতে অংশগ্রহণই আমাকে মিস ইন্ডিয়া প্রতিযোগিতায় নিয়ে যায়। আমার বাবা-মাও অবাক হয়েছিলেন।

মজা করে মিস ইন্ডিয়া প্রতিযোগিতায় অংশগ্রহণের সিদ্ধান্ত তার জীবনের গতিপথ পাল্টে দেয়। বিজয়ী হওয়ার পর মডেলিং এবং অভিনয়ের জগতে তার জন্য নতুন দরজা খুলে যায়। সিনেমায় আসার পর তিনি 'হাম হ্যায় রাহি প্যার কে' 'কেয়ামত সে কেয়ামত তক' 'ইয়েস বস,' 'ডর' 'বল রাধা বল'-এর মতো সুপারহিট চলচিচত্রের মাধ্যমে জনপ্রিয়তার শীর্ষে পৌঁছান।

জুহি চাওলার সম্পত্তির একটি অংশ তার চলচ্চিত্র ক্যারিয়ার থেকে এসেছে। তবে তার বেশিরভাগ অর্থ এসেছে বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানের মাধ্যমে। তিনি শাহরুখ খানের রেড চিলিজ গ্রুপের সহ-প্রতিষ্ঠাতা এবং তিনি কয়েকটি ক্রিকেট দলেরও সহ-মালিক, যার মধ্যে কলকাতা নাইট রাইডার্স অন্যতম।

২০০৭ সালে শাহরুখ খান, জুহি চাওলা এবং তার স্বামী জয় মেহতা মিলে ৭৫.০৯ মিলিয়ন ডলারে কলকাতা নাইট রাইডার্স দলটি কেনেন। ফরবেস অনুযায়ী, বর্তমানে এই দলের মূল্য ১১ বিলিয়ন ডলার, যা প্রায় ৯,১৩৯ কোটি টাকা।

## রোনালদোর মুগ্ধতা ছড়ানো

# 'বাইসাইকেল কিক', পর্তুগালের গোল উৎসব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বয়স ৪০ ছুঁই ছুঁই।সম্প্রতি ক্রিশ্চিয়ানো রোনালদো নিজেই হয়তো বুঝতে পারছিলেন বাড়তে থাকা বয়সের কাছে হেরে যেতে পারে প্রথম ফুটবলার হিসেবে ১০০০ গোলের মাইলফলক ছোঁয়ার স্বপ্ন।তবে এখনও ফুটবল মাঠে যে ভেলকি দেখাচ্ছেন এই পর্তুগিজ মহাতারকা,তাতে বুটজোড়া তুলে রাখার আগে সেই ম্যাজিক নাম্বারের দেখা পেয়েও যেতে পারেন।

'বুড়ো' রোনালদো শুক্রবার উয়েফা নেশন্স লীগে পোল্যান্ডের বিপক্ষে দুর্দান্ত পারফরম্যান্সে করলেন জোড়া গোল।প্রথমটি এসেছে স্পটকিক থেকে, দ্বিতীয়টি অনেকদিন মনে রাখার মত এক বাইসাইকেল কিকে। দলের সবচেয়ে বড় তারকার এমন রঙিন অভিজ্ঞতার দিনে পর্তুগালও পেয়েছে অনায়াস জয়।

পোর্তোয় গ্রুপ পর্বের ম্যাচটি ৫-১ গোলে জিতেছে রবের্তো মার্তিনেসের দল। তাদের অন্য তিন গোলদাতা রাফায়েল লেয়াও, ব্রুনো ফের্নান্দেস ও পেদ্রো নেতো।পোল্যান্ডের বিপক্ষে অনায়াস এই জয়ে উয়েফা নেশন্স লিগের কোয়ার্টার-ফাইনালের টিকেট নিশ্চিত করল পর্তুগাল।

ম্যাচের দুই অর্ধে এদিন দুই রূপ ছিল রোনালদোদের।প্রথমার্ধে আক্রমণে তেমন সুবিধা করতে পারেনি পর্তুগিজরা।তবে বিরতির পর শানায় নিখুঁত সব আক্রমণ । দলটির পাঁচ গোলের সব কটিই এসেছে দ্বিতীয়ার্ধে।

গোলের জন্য এদিন মোট ১৯টি শট নিয়ে ৬টি লক্ষ্যে রাখতে পারে তারা এবং এর সবগুলোই দ্বিতীয়ার্ধে। আর ১১ শটের পাঁচটি লক্ষ্যে রাখতে পারে পোল্যান্ড।

জয়ে গ্রুপ চ্যাম্পিয়নও হয়ে গেছে পর্তুগাল। পাঁচ ম্যাচে চার জয় ও এক ড্রয়ে তাদের পয়েন্ট ১৩।

দিনের আরেক ম্যাচে স্কটল্যান্ডের বিপক্ষে ১-০ গোলে হেরে গেছে ক্রোয়েশিয়া। ৭ পয়েন্ট নিয়ে দুইয়ে আছে ক্রোয়াটরা। পরের দুটি স্থানে পোল্যান্ড ও স্কটল্যান্ডের পয়েন্ট সমান ৪ করে।

শুরুর দিকের বিবর্ণ পর্তুগালকে এদিন গোলের জন্য অপেক্ষা করতে হয় ৫৯ মিনিট পর্যন্ত।বাঁ দিক থেকে নুনো মেন্দেসের ক্রস ছয় গজ বক্সে পেয়ে হেডে গোলটি করেন লেয়াও।

৭০তম মিনিটে পোলিশদের বক্সে তাদের ডিফেন্ডার ইয়াকুব কিভিওরের হাতে বল লাগলে পেনাল্টি পায় পর্তুগাল। সফল স্পট কিকে দলকে জয়ের পথে এগিয়ে নেন রোনালদো।

দ্বিতীয় গোল হজমের পর অনেকটা ভেঙে পড়ে পোলিশ রক্ষণভাগ।আর সেই সুযোগ ব্রুনো ফের্নান্দেস ও নেতো নিখুঁত দুটি ফিনিশে স্কোরলাইন ৪-০ করেন।

তবে ম্যাচের স্মরণীয় মুহূর্তটি এসেছে এর পরে। ভিতিনিয়ার ক্রস দূরের পোস্টে পেয়ে শরীরকে হাওয়ায় ভাসিয়ে মাথার উপর থেকে নেওয়া বাইসাইকেল কিক নেন সিআর সেভেন।পোলিশ গোলরক্ষকের কাছে সেই শট ঠেকানোর কোন সুযোগই ছিলনা।তবে শেষদিকে সান্তনার একটি গোল পায় পোলিশরা।

এবারের নেশন্স লিগে পঞ্চম এবং জাতীয় দলের হয়ে ১৩৫তম গোল করলেন রোনালদো ।বর্ণিল ফুটবল ক্যারিয়ার তার মোট গোল হলো রেকর্ড ৯১০টি।

## ১৯ বছর পর বক্সিং রিংয়ে কিংবদন্তী টাইসন,প্রতিপক্ষ ২৭ বছরের পল,



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বক্সিং রিংয়ে বহু প্রতিক্ষিত এক ম্যাচ দেখার অপেক্ষায় সবাই। বক্সিং দুনিয়ার অবিসংবাদিত কিংবদন্তি মাইক টাইসন ১৯ বছর পর ফের নামছেন রিংয়ে।প্রতিপক্ষ ইউটিউবার থেকে বক্সার হওয়া ২৭ বচ জ্যাক পল।

টেক্সাসের এটি অ্যান্ড টি স্টেডিয়ামে হবে এই লড়াই। এই ম্যাচটি ২০ জুলাই হওয়ার কথা থাকলেও মাইক টাইসনের শারীরিক সমস্যার কারণে সেটাকে পিছিয়ে করা হয় ১৫ নভেম্বর

স্থানীয় সময় রাত ৮টায় বা বাংলাদেশ সময় শনিবার সকাল ৭টায় এনএফএলের দল ডালাস কাউবয়েজ স্টেডিয়ামের রিংয়ে মুখোমুখি হবেন তাঁরা। ৮০ হাজার আসনের সব বিক্রি হয়ে গেছে।নেটফ্লিক্সও স্ট্রিমিং করে বিশ্বব্যাপী তাঁদের ২৮ কোটি সাবস্ক্রাইবারকে এই লড়াই দেখাবে। খেলাধুলার ইতিহাসে এটাই হবে প্রথম 'কমব্যাট' স্পোর্টস, যা স্ট্রিমিং করে নেটফ্লিক্সে দেখানো হবে। চার কোটি ডলার পুরস্কার মূল্যের এই লড়াইয়ে নজর গোটা বিশ্বের।এই ম্যাচ নিয়ে সবার মধ্যে আছে নানা জল্পনা-কল্পনা।১৯ বছর আগে বক্সিংকে বিদায় জানানো টাইসনের সেই রিংয়ে ফিরে সেই পুরোনো ছন্দ দেখাতে পারবেন কিনা তা নিয়েও আছে আলোচনা।অনেকে তার পক্ষে-বিপক্ষে ধরছেন বাজিও। তার মধ্যে পল আবার পুরস্কার মূল্যের পুরোটাই বাজি ধরে ফেলেছেন। আর এক পেশাদার বক্সার নিজের ক্যাটিগরিতে বিশ্ব চ্যাম্পিয়ন কেটি টেলর পলকে বলেছিলেন, 'তোমার পুরস্কার মূল্যের পুরোটাই বাজি ধরবে?' তাতে রাজি হয়ে গিয়েছেন পল। গোটা বিশ্বের বাজির দরও পলের পক্ষে। ৫৮ বছরের টাইসনের স্বাস্থ্য নিয়ে বরং উদ্বেগ দেখিয়েছেন অনেকে। একটি ওটিটি প্ল্যাটফর্মে সরাসরি দেখা যাবে এই লড়াই।

২০০৫ সালের পর ২০২৪ সালে মাইক টাইসন পেশাদার বক্সিংয়ে রিংয়ে নামছেন। এরমাঝে ২০20 সালে তিনি অবশ্য বক্সিংয়ে নেমেছিলেন তবে সেটা ছিল প্রদর্শনী ম্যাচ। রয় জোনসের বিরুদ্ধে খেলেছিলেন তিনি। ২০ বছর বয়সেই তিনি বিশ্বের তরুণ হেভিওয়েট বক্সার হন মাইক।এই ম্যাচের জন্য নিজেকে ভালোভাবে প্রস্তুত করছেন টাইসন।

অন্যদিকে জ্যাক পল কেরিয়ার শুরু করেন ইউটিউবার হিসেবে, পরে তিনি বক্সিং রিংয়ে পা রাখেন। ২০২০ সালে তিনি পেশাদার বক্সিং শুরু করেন। তিনি সাধারণত প্রাক্তন এমএমএ ফাইটারদের বিরুদ্ধে খেলেছেন। নিজের বক্সিং কেরিয়ারে তিনি টানা ছটা ম্যাচ জিতে রেকর্ড তৈরি করেছেন।

যেহেতু মাইক টাইসন ও জ্যাক পলের মধ্যে বয়সের ব্যবধানটা অনেক বেশি তাই এই ম্যাচের নিয়মটা কিছুটা আলাদা। দুজনেই ১৪ আউন্সের গ্লাভস পরে খেলবেন। সাধারণত ১০ আউন্সের গ্লাভস পরে খেলার নিয়ম।

কারণ হচ্ছে ঘুঁসির শক্তি। যত ভারী গ্লাভস ঘুঁসির শক্তি তত কমবে। এই কারণেই ওজন কমানোর সিদ্ধান্ত। মোট ৮টি রাউন্ড খেলা হবে আর প্রতিটা রাউন্ড হবে ২ মিনিটের।

এই রাউন্ডেও পরিবর্তন আনা হয়েছে। সাধারণত ১২ রাউন্ড খেলা হয় আর প্রতিটা রাউন্ড হবে ৩ মিনিটের, এক্ষেত্রে সেটা কমছে।

## ব্রাজিল ২০২৬ বিশ্বকাপ


# খেলতে পারবে তো?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২৬ বিশ্বকাপের টিকিট পাবে তো ব্রাজিল? সেই প্রশ্নের উত্তর কিছুটা নির্ভর করছে পরিসংখ্যানের ওপর। ভেনিজুয়েলার সঙ্গে ড্র করার পরও ১৭ পয়েন্ট নিয়ে তারা লাতিন আমেরিকা অঞ্চল থেকে টেবিলের তৃতীয় স্থানে অবস্থান করছে। হাতে রয়েছে এখন পর্যন্ত ৭টি ম্যাচ। এর মধ্যে আরও চারটি ম্যাচে জয় পেলেই পাঁচবাররে বিশ্বচ্যাম্পিয়ন ব্রাজিলের নিশ্চিত হবে ২০২৬ বিশ্বকাপের টিকিট। পরের ম্যাচে ব্রাজিলের প্রতিপক্ষ উরুগুয়ে। যেটি অনুষ্ঠিত হবে আগামী বুধবার বাংলাদেশ সময় সকাল পৌনে ৭টায়। ম্যাচটিতে জয় পেলে বিশ্বকাপের টিকিট কাটার পথে এগিয়ে যাবে আরেক ধাপ। তবে ব্রাজিলের জন্য এবার পথটা কিছুটা সহজ। কারণ, ২০২৬ বিশ্বকাপে দক্ষিণ আমেরিকা অঞ্চলের জন্য কোটা বেড়েছে। এবার ৬টি দল সরাসরি মূল পর্বে খেলবে এবং সপ্তম দলটি ইন্টারকনফেডারেশন প্লে-অফে সুযোগ পাবে। পূর্বে এ অঞ্চল থেকে ২৭ পয়েন্ট পেলেই নিশ্চিত হতো বিশ্বকাপে জায়গা। যেহেতু দল বৃদ্ধি পেয়েছে তাই এবার তুলনামূলক কম পয়েন্টেও শীর্ষ ৬-এ থাকা সম্ভব। আবার ব্রাজিলকে কিছুটা চাপে থাকতে হবে, বিশেষ করে পরবর্তী কঠিন ম্যাচগুলোতে জয় তুলে নেয়া জরুরি। তবে এখন পর্যন্ত, লিওনেল মেসির নেতৃত্বে আর্জেন্টিনা এবং ব্রাজিল দুই দলই ২০২৬ সালে যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকোতে অনুষ্ঠিতব্য মেগা ইভেন্টে নিজেদের অবস্থান নিশ্চিত করার পথে।

## অনিশ্চয়তার মাঝেই

# চ্যাম্পিয়ন্স ট্রফির 'অদ্ভুত' ট্রফি ট্যুর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি নিয়ে অনিশ্চয়তা কাটেনি এখনও। এর আগেই ট্রফি ট্যুরের ঘোষণা দিয়েছে টুর্নামেন্টটির আয়োজক পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)।

সামাজিক যোগাযোগ মাধ্যমে নিজেদের অফিসিয়াল পেজে শুক্রবার পিসিবি জানায়, ১৬ নভেম্বর থেকে ইসলামাবাদ দিয়ে শুরু হবে টুর্নামেন্টের ট্রফি ট্যুর।

'পাকিস্তান, তৈরি হও! আইসিসি চ্যাম্পিয়নস ট্রফি ২০২৫এর ট্রফি ট্যুর ১৬ নভেম্বর ইসলামাবাদে শুরু হচ্ছে। ট্রফিটি স্কার্দু, মুরি ও মুজাফ্‌ফরাবাদেও যাবে। ২০১৭ সালে ওভালে সরফরাজ আহমেদের উঁচিয়ে ধরা ট্রফিটি ১৬ থেকে ২৪ নভেম্বর পর্যন্ত দেখুন।'

পাকিস্তানে খেলতে দল পাঠাতে অস্বীকৃতি জানিয়েছে ভারত সরকার। এই নিয়েই মূলত জটিলতার শুরু। ভারতের চাওয়া টুর্নামেন্টটি 'হাইব্রিড মডেলে' হোক, যেখানে তাদের ম্যাচ হবে পাকিস্তানের বাইরে। তবে পাকিস্তান নিজেদের মাঠ থেকে টুর্নামেন্ট সরাতে নারাজ। তাদের কাছ থেকে আয়োজক স্বত্ব কেড়ে নেওয়া হলে পাকিস্তানও টুর্নামেন্টে অংশ না নেওয়ার হুমকি দিয়ে রেখেছে। এমন অনিশ্চয়তার মাঝে পিসিবির ট্রফি ট্যুরের ঘোষণায় প্রশ্ন তুলেছেন পাকিস্তানের সাবেক ক্রিকেটার মঈন খান। পিসিবির ঘোষণার প্রতিক্রিয়ায় ভারতের সংবাদমাধ্যম স্পোর্টসকিরাকে সাবেক এই উইকেটকিপার-ব্যাটসম্যান বলেছেন, 'কোন ভেন্যুতে খেলা হবে এবং পাকিস্তান ও ভারত একে অন্যের বিপক্ষে খেলবে কি না, এটাই যখন কেউ জানে না, তাহলে কোন কারণে এই ট্রফি ট্যুর।' মঈন এরপর যোগ করেন, 'সূচি ঘোষণা ছাড়াই ট্রফি ট্যুর একটা অদ্ভুত ব্যাপার।'

চ্যাম্পিয়নস ট্রফির সূচি উন্মোচন করার কথা ছিল গত ১১ নভেম্বর লাহোরে। লাহোরেই হওয়ার কথা ছিল ভারতের সব ম্যাচ।

## ৩ সেঞ্চুরিতে বিশ্ব রেকর্ড গড়লেন স্যামসন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজের শেষ টি-টোয়েন্টিতে জোহানেসবার্গে টস জিতে আগে ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ১ উইকেট হারিয়ে ২৮৩ রান সংগ্রহ করে ভারত। দলের হয়ে সর্বোচ্চ অপরাজিত ১২০ রান করেছেন তিলক। তাছাড়া সেঞ্চুরি পেয়েছেন স্যামসনও। জবাবে খেলতে নেমে ১৮ ওভার ২ বলে সবকটি উইকেট হারিয়ে ১৪৮ রানের বেশি করতে পারেনি দক্ষিণ আফ্রিকা।

১৩৫ রানের রেকর্ড গড়া জয়ে সেঞ্চুরি করে বড় অবদান রেখেছেন স্যামসন। ৫১ বলে তিন অঙ্ক ছুঁয়েছিলেন তিনি। শেষ পর্যন্ত ৫৬ বলে অপরাজিত ১০৯ রান এসেছে তার ব্যাট থেকে। যেখানে ৬ চার ও ৯ ছক্কার মার ছিল।

চলতি পঞ্জিকা বর্ষে এটি তৃতীয় টি-টোয়েন্টি সেঞ্চুরি স্যামসনের। যা এর আগে করতে পারেনি আর কোনো ব্যাটার। টিটোয়েন্টি ইতিহাসের প্রথম ব্যাটার হিসেবে এক পঞ্জিকাবর্ষে ৩টি সেঞ্চুরি করেছেন তিনি।

এর আগে গত ৮ নভেম্বর ডারবানে ১০৭ করেছিলেন স্যামসন। আর গত ১২ অক্টোবর হায়দরাবাদে বাংলাদেশের বিপক্ষে ১১১ রান করেনো এই ওপেনার।

## উন্মোচিত ক্লাব বিশ্বকাপের নতুন ট্রফি,

# থাকছে যেসব বিশেষত্ব



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উন্মোচিত হলো নতুন মোড়কে ফিফা ক্লাব বিশ্বকাপের ট্রফি। আধুনিক ডিজাইন, নান্দনিকতা, এবং বৈশ্বিক ঐক্য এই তিন বিষয়কে উপজীব্য করে তৈরি করা হয়েছে দৃষ্টি নন্দন ট্রফিটি। জানা গেছে, এটি প্রস্তুত করেছে বিশ্বখ্যাত জুয়েলারি ব্র্যান্ড টিফানি অ্যান্ড কোং, যা বিশ্বমানের কারুকার্যের জন্য পরিচিত।

সোনায় মোড়ানো পৃথিবীর আকৃতির ট্রফিটিতে ফিফার ২১১ সহযোগী দেশের নাম খোদাই করা আছে, যা বৈশ্বিক ফুটবল সম্প্রদায়ের ঐক্যের প্রতীক। ব্যবহার করা হয়েছে বিশ্বের ১৩টি ভাষা। এর ফলে ট্রফিটির সর্বজনীনতাকে ফুটিয়ে তুলেছে। ২০২৫ সালের জুনে যুক্তরাষ্ট্রে শুরু হবে ক্লাব বিশ্বকাপের নতুন আসর। প্রথমবারের মত যেখানে অংশ নেবে ৫ মহাদেশের ৩২ ক্লাব। ১১ শহরের ১২ ভেন্যুতে হবে ম্যাচ গুলো। ১২ জুলাই নিউজার্সির মেটলাইফ স্টেডিয়ামে হবে ফাইনাল। ক্লাব বিশ্বকাপে অংশ নেয়া ৩২ দলের মধ্যে চূড়ান্ত হয়েছে ৩১ দলের নাম। দলগুলো হলো- স্বাগতিক ইন্টার মায়ামি।

এএফসি ও সিএএফ থেকে ৮টি দল

আল হিলাল, উরওয়া রেড ডায়মন্ডস, আল আইন, উলসান হুন্দাই, আল আহলি, উইদাদ এসি, তিউনিস, মামেলোডি সানডাউনস। কনকাকাফ থেকে ৪টি দল

মারিও মোন্তোররেই, সিয়াটল সাউন্ডার্স, লিওন, পাচুকা।

কনমেবল ও ওএফসি থেকে ৭টি দল

পালমেইরাস, ফ্ল্যামেঙ্গো, ফ্লুমিনেন্স, রিভার প্লেট, বোকা জুনিয়র্স, অকল্যান্ড সিটি।

উয়েফা থেকে ১২টি দল

চেলসি, রিয়াল মাদ্রিদ, ম্যানচেস্টার সিটি, বায়ার্ন মিউনিখ, প্যারিস সেন্ট জার্মেইন, ইন্টার মিলান, পোর্তো, বেনফিকা, বরুসিয়া ডর্টমুন্ড, জুভেন্টাস, অ্যাথলেটিকো মাদ্রিদ, রেড বুল সালসবার্গ।

## ইংল্যান্ডের বিপক্ষে

# নিউজিল্যান্ড দলে নেই এজাজ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সবশেষ ভারত সফরে দলের গুরুত্বপূর্ণ সদস্য ছিলেন এজাজ প্যাটেল। সবশেষ মুম্বাই টেস্টেও নিয়েছিলেন ১১ উইকেট। কন্ডিশন বিবেচনায় সেই এজাজকে বাদ দিয়েই ইংল্যান্ডের বিপক্ষে দল ঘোষণা করেছে নিউজিল্যান্ড।

এ মাসের শেষ দিকে ইংল্যান্ডের বিপক্ষে তিন টেস্টের সিরিজ খেলবে কিউইরা। এজন্য শুক্রবার ঘোষিত দলে ঠাঁই হয়নি এজাজের। ৩৬ বছর বয়সী এজাজের জন্য এই অভিজ্ঞতা অবশ্য নতুন নয়। ২০২১ সালেও মুম্বাইয়েই এক ইনিংসে ১০ ও ম্যাচে ১৪ উইকেট নেওয়ার পরও পরের টেস্টেই দলে জায়গা হারিয়েছিলেন এজাজ। সেবার ক্রাইস্টচার্সে প্রতিপক্ষ ছিল বাংলাদেশ। এবারও সেই ক্রাইস্টচার্সে ইংল্যান্ডের বিপক্ষে প্রথম ম্যাচে আগামী ২৮ নভেম্বর।

দেশের বাইরে ১৮ টেস্টে ৮৫ উইকেট এজাজের। কিন্তু ঘরের মাঠে তিন টেস্টে এখনও উইকেটের স্বাদ পাননি!

নিউজিল্যান্ডের স্কোয়াডেই রাখা হয়নি কোনো বিশেষজ্ঞ স্পিনার। বাদ পড়েছেন ইশ সোধিও। তবে স্পিনিং অলরাউন্ডার হিসেবে দলে আছেন রাচিন রাভিন্দ্রা ও গ্লেন ফিলিপস।

প্রথম টেস্টে না থাকলেও পরের দুই টেস্টের দলে আছেন স্পিনিংস অলরাউন্ডার মিচেল স্যান্টনার। ভারত সফরে পুনে টেস্টে ১৩ উইকেট নেওয়ার পর চোটের কারণে তিনি মুম্বাইয়ে খেলতে পারেননি।

চোটের কারণে ভারত সফরের দলে না থাকা কেন উইলিয়ামসন দলে ফিরেছেন। ভারত সফরে ম্যান অব দা সিরিজ হওয়া উইল ইয়াংয়ের তাই একাদশে জায়গা অনিশ্চিত!

টেস্ট দলে প্রথমবার ডাক পেয়েছেন ন্যাথান স্মিথ। গত বুধবার স্বাগতিক শ্রীলঙ্কার বিপক্ষে ওয়ানডে দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয়েছে এই পেস বোলিং অলরাউন্ডারের।

প্রথম শ্রেণির ক্রিকেটে ৫৩ ম্যাচে ১৪৪ উইকেট তার, ব্যাট হাতে ২৭ গড়ে প্রায় দুই হাজার রান করেছেন এক সেঞ্চুরি ও ১৩ ফিফটিতে।

নিউজিল্যান্ডের নির্বাচক স্যাম ওয়েলস বলেন, 'প্রথমবারের মতো টেস্ট দলে জায়গা পাওয়া ন্যাথানের জন্য এটি রোমাঞ্চকর সময়। সে একজন প্রতিভাবান ক্রিকেটার। প্রথম শ্রেণীর ক্রিকেটের রেকর্ড তেমনই প্রমাণ দিচ্ছে। আমি নিশ্চিত দলের জন্য সে অনেক সাফল্য বয়ে আনবে।'

পেসার জ্যাকব ডাফিও প্রথমবার ডাক পেয়েছেন এই সংস্করণে। ইতোমধ্যে নিউজিল্যান্ড জার্সিতে স্মিথ ১টি ওয়ানডে এবং ডাফি ৭টি ওয়ানডে ও ৫টি টি-টোয়েন্টি খেলেছেন।

ইনজুরির কারণে বেন সিয়ার্স (হাঁটু) এবং কাইল জেমিসনের (পিঠ) দলে সুযোগ হয়নি।

ভারতের বিপক্ষে সিরিজ জয়ে আগামী বছর টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে খেলার সম্ভাবনা তৈরি হয়েছে নিউজিল্যান্ডের। কিন্তু সিরিজে ইংল্যান্ডকে হোয়াইটওয়াশ করলেও, ফাইনাল খেলা নিশ্চিত হবে না তাদের। ওয়েলস বলেন, 'বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ বিবেচনায় এই সিরিজটি অনেক বেশি গুরুত্বপূর্ণ। এছাড়া টিম সাউদির বিদায়ী সিরিজ হওয়ায় এটির গুরুত্ব আরও বেড়ে গিয়েছে।'

এই সিরিজ দিয়েই বর্ণাঢ্য টেস্ট ক্যারিয়ারের ইতি টানবেন নিউজিল্যান্ডের কিংবদন্তি বোলার টিম সাউদি। দল ফাইনালে উঠলে আরও এক ম্যাচ দীর্ঘায়িত হবে এই ডানহাতি পেসারের টেস্ট ক্যারিয়ার।

সিরিজের পরের দুই টেস্ট ওয়েলিংটন ও হ্যামিল্টনে।

নিউজিল্যান্ড টেস্ট দল: টম ল্যাথাম (অধিনায়ক), টম ব্লান্ডেল, ডেভন কনওয়ে, জ্যাকব ডাফি, ম্যাট হেনরি, ড্যারিল মিচেল, উইল ও'রোক, গ্লেন ফিলিপস, রাচিন রাভিন্দ্রা, মিচেল স্যান্টনার (দ্বিতীয় ও তৃতীয় টেস্ট), ন্যাথান স্মিথ, টিম সাউদি, কেন উইলিয়ামসন, উইল ইয়াং।

স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১

■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR